অনকারেতঃ খের্ঘঃ স্যাদ্যঙি। অটাট্যতে অশাশ্যতে অরার্য্যতে ঊর্ণোনূয়তে দেদীয়তে মেমীয়তে জেগীয়তে জেহীয়তে পেপীয়তে সেষীয়তে তেষ্ঠীয়তে শোশূয়তে সাস্মর্য্যতে চেক্রীয়তে সঞ্চেস্ক্রীয়তে বিসেসিচ্যতে। ২৯১ যঙন্তত্বান্ন ষঃ। বক্রং ব্রজতি। বাব্রজ্যতে।

৫৪২ গ্রোরলঃ।

গিরতে রো লঃ স্যাৎ যঙি। গর্হিতং গিরতি। জেগিল্যতে লোলুপ্যতে সাসদ্যতে।

৫৪৩ কোশ্চুর্ব্বা।

কোঃ খেশ্চুঃ স্যাদ্বা যঙি। চোকূয়তে কোকূয়তে।

৫৪৪ নীনবঞ্চস্রংসধ্বংসভ্রংসশকপতপদস্কন্দাং।

এষাং খের্নীন্ স্যাৎ যঙি। বনীবচ্যতে।

৫৪৫ ঞমজপজভদহদনভন্জপশশপোহতোনুণলবযন্তুবা।

ঞমন্তানাং জপাদীনাং চাদন্তস্যচ খের্নুণ্ স্যাৎযঙি লবযন্তস্য তু বা। জঙ্গম্যতে জাজায়তে জঞ্জন্যতে।

৫৪৬ হনো বা ঘ্নী।

জেঘ্নীয়তে জঞ্জপ্যতে চঞ্চল্যতে চাচল্যতে মম্মব্যতে মামব্যতে দন্দহ্যতে দাদহ্যতে।

৫৪৭ চরফলোরুচ্চোঙোনণুঃ।

চরফলোঃ খের্নুণ্ স্যাৎ উঙ্ উকারশ্চ যঙি তস্য চ নণুঃ। চঞ্চূর্য্যতে পংফুল্যতে।

৫৪৮ রীনৃত্বতঃ।

ঋকারবতো ধো খেরীন্ স্যাদ্ব্রঙি। নরীনৃত্যতে।

৫৪৯ বেযস্বপস্যমোজিঃ।

এষাং জিঃস্যাৎ যঙি। বেবীয়তে সোষুপ্যতে সেসিম্যতে।

৫৫০ নবশঃ।

বশ্চের্জির্ন স্যাৎ যঙি। বাবশ্যতে।

৫৫১ চায়ঃকীঃ।

চায়তেঃ কীঃ স্যাৎ যঙি। চেকীয়তে।

৫৫২ ঘ্রাধ্মোর্ঙী।

জেঘ্রীয়তে দেধ্মীয়তে।

৫৫৩ শীঙে ঙযেহ্যণৌ।

শাশয্যতে।

৫৫৪ যঙোলুগ্বাপোলুক্পংদ্বিণ্ব্রাদিচধূক্তন্তু বাংনি তু নিত্যং নোতঃ।

যঙো লুক্ স্যাদ্বা লুকি সতি অপো লুক্পণ্দ্বিত্বং খের্ণ্রিত্যাদি কার্য্যঞ্চ স্যাৎ ধুগ্রহণোক্তন্তু বা স্যাদনিতু নিত্যং লুক্ স্যাদুদন্তাত্বনি তু ন স্যাৎ। বোভবীতি বোভোতি বোভূতঃ বোভুবতি অবোভবীৎ অবোভোৎ অবোভূতাং অবোভুবন্ বোভুবাঞ্চকার। বনীবীঞ্চতি বনীবঙ্ক্তিঃ বনীবক্তঃ বনীবচতি। জঙ্গমীতি জঙ্গন্তি জঙ্গতঃ জগ্মতি জঙ্গমতি জঙ্গমীমি জঙ্গন্মি জঙ্গন্বঃ জঙ্গন্মঃ। জংঘন্তি জংঘনীতি জংঘতঃ জংঘ্নতি জঙ্ঘনতি। চঞ্চুরীতি চঞ্চূর্ত্তি। চাখাতঃ চঞ্চন্তঃ চংখ্নতি চঞ্চনতি জঞ্জনীতি জঞ্জন্তি জাজাতঃ জঞ্জন্তঃ জংজ্ঞতি জঞ্জনতি। দেদিবীতি দেদেতি দেদ্যোতি দেদ্যুতঃ দেদিতঃ দেদ্যুবঃ দেদিবঃ। বেবিচ্ছীতি বেবেষ্টি বেবিশ্বঃ বেবিচ্ছ্বঃ।

৫৫৫ হাকঃখের্নর্ঘঃ।

জহাতি জহেতি।

৫৫৬ দন্লোনলোপো বা।

দন্দষ্টি দন্দংষ্টি দন্দশীতি দন্দংশীতি।

৫৫৭ জির্নর্বা।

সাস্বপীতি সাস্বপ্তি সোষোপ্তি সোষুপীতি।

৫৫৮ রীণোরিন্রণৌবা।

রীণঃ স্থানে রিনরণৌ বা স্তো যঙলুকি। চরিকরীতি চর্করীতি চরীকরীতি চরিকর্ত্তি চর্কর্ত্তি চরীকর্ত্তি।

৫৫৯ যঙলুক্‌ক্যলোপেঽরে ন ণু বা।

বেভিদিতা মর্মৃজিতা। অরে কিং। বেভেত্তি মর্মার্ষ্টি।

ইতি যঙন্তপাদঃ।

---

২৮ অধ্যায়ঃ।

লিধুঃ।

৫৬০ লেঃকাম্যক্ স্বেচ্ছায়াৎ।

লেঃ পরঃ কাম্যক্ স্যাৎ আত্মেচ্ছায়াং। আত্মনঃ পুত্রমিচ্ছতি। পুত্রকাম্যতি।

৫৬১ ক্যোঽম্ব্যাদ্রশ্চ।

মান্তব্যবর্জাৎ লেঃক্যঃ স্যাৎ স্বেচ্ছায়াৎ তস্মিন্নবর্ণস্ঈঃ স্যাৎ জ্ঞানীয়তি। ওদৌতোঽজ্বদিতি। গব্যতি নাব্যতি। যঙ ঙ্যক্য ইতি। কর্ত্রীয়তি। ক্যঙ্যচ্চৌচ। গার্গীয়তি।

৫৬২ নলোপঃক্যঙ্যে।

রাজীয়তি।

৫৬৩ হসাত্তয়োর্বারে।

হসাৎ পরয়োঃ ক্যঙ্যয়োর্লোপঃ স্যাদ্বাঽরে। সমিধিতা সমিধ্যিতা। অম্ব্যাৎ কিং। কিং কাম্যতি। স্বঃকাম্যতি।

৫৬৪ ধনোদকাশনবৃষাশ্বলেগ্রহপানান্নষাভাঽর্থে ঙাডনঙ্ ঙা সনসনঽসনৌক্যেন ষঃ।

ধনস্য গ্রহণে ঙ, উদকস্য পানে ডনঙ্, অশনস্য অন্নে ঙা বৃষাশ্বয়োর্ষাভে সন্ লেরর্থে কাম্যে সন্ অসন্ চ স্যাৎ ক্যে সঃ ষো ন স্যাৎ। ধনায়তি উদন্যতি অশনায়তি বষস্যতি অশ্ব

স্যতি দধিস্যতি দধ্যস্যতি। গ্রহাদৌ কিং ধনীয়তি।

৫৬৫ ঢ়ডোপমানাদাচারে ক্যঃ।

ঢ়াডভ্রাচ্চোপমানাৎ ক্যঃ স্যাদাচারে ঽর্থে। শিবমিবাচরতি। শিবীয়তি। বিষ্ণুবিবাচরতি। বিষ্ণুয়তি।

৫৬৬ ঘানুঙ্যক্কীসলোপশ্চবাগলভক্লীবহোঢ়াত্তুমং।

ঘাদুপমানাদাচারে ঽর্থে ঙ্যক্কী স্তঃ সস্য চ বা লোপঃ গল্ভাদেস্তু ক্কাবপি মং। কৃষ্ণ ইবাচরতি। কৃষ্ণায়তে কৃষ্ণতি। স্বায়তে স্বতি স্বামাস। ৩০২ ত্যাস্তত্বাদাম্। পয়ায়তে পয়স্যতে গল্ভায়তে গল্ভতে।

৫৬৭ ভৃশাদেশ্চব্যর্থে বা তসলোপশ্চ।

ভৃষাদেশ্চব্যর্থে ঙ্যক্কীবা স্তঃ তস্মিন্ তসলোপশ্চ। ভৃশায়তে ভৃশতি ভৃশীভবতি চেতায়তে শশ্বায়তে বেহায়তে।

৫৬৮ ডাজ্লোহিতাদেঃ পঞ্চ।

ডাজন্তাৎ লোহিতাদেশ্চ্যর্থে ঙ্যক্কীবা স্তঃ পঞ্চ। পটপটায়তে পটপটায়তি পটপটাতি পটপটা স্যাৎ লোহিতায়তে লোহিতায়তি লোহিততি লোহিতীস্যাৎ ধর্ম্মায়তে ধর্ম্মায়তি ধর্ম্মতি ধর্ম্মী স্যাৎ।

৫৬৯ শব্দসুখ কষ্টাদেঃ কৃতিবেদপাপে ঙ্যঃ।

শব্দাদেঃ কৃতৌ সুখাদেরনুভবে কষ্টাদেঃ পাপার্থে প্রবৃত্তিরিত্যস্মিন্নর্থে ঙ্যঃ স্যাৎ। শব্দং করোতি। শব্দায়তে। বৈরায়তে। সুখমনুভবতি। সুখায়তে দুঃখায়তে। কষ্টং কর্ম্ম করোতি। কষ্টায়তে।

৫৭০ বাষ্পো ষ্মফেণধূমাদুদ্বান্তৌ।

বাষ্পায়তে উষ্মায়তে।

৫৭১ রোমন্থাচ্চর্ব্বণে।

রোমন্থায়তে গৌঃ।

৫৭২ নমস্তপোবরিবঃকণ্ড্বাদিভ্যঃক্যঃ ক্রুতৌ।

নমস্করোতি। নমস্যতি তপস্যতি বরিবস্যতি কণ্ডূয়তে মহীয়তে হৃণীয়তে।

৫৭৩ লেঃ কৃত্যাখ্যানে ঞিঃ।

লেঃ পরো ঞিঃ স্যাৎ কৃতাবাখ্যানে চ। প্রশ্নং করোতি আচষ্টে বা। প্রশ্নয়তি উঢ়য়তি ঔডিঢৎ। ঔজিঢদিত্যেকে। লুঙ্ মদ্বদ্বিনামিতি। ঈন্মন্তমাচষ্টে। ঈশয়তি। সুগ্বন্তমাচষ্টে সচয়তি সুগ্বিনমমাচষ্টে। সুজয়তি।

৫৭৪ শ্বেতাশ্বাশ্বতরগালোড়িতাহ্বরকস্যাশ্বতরেতকলোপঃ।

শ্বেতাশ্বমাচষ্টে। শ্বেতয়তি অশ্বয়তি। গালোড়য়তি আহ্বরয়তি।

৫৭৫ নাপঃসত্যার্থবেদৈকাজতঃ।

সত্যাদেরেকাচো হকারস্তস্য চ ঞৌ নাপ স্যান্ন ইৎ। সত্যাপয়তি অর্থাপয়তি বেদাপয়তি স্বাপয়তি। বাঢান্তিকেতি সাধাদয়ঃ সাধয়তি। প্রশস্যমাচষ্টে। শ্রঃ। শ্রাপয়তি।

৫৭৬ ঞিঃ কল্যাদেঃ।

কল্যাদেরর্থ বিশেষে ঞিঃ স্যাৎ। কলিং গৃহ্ণাতি। কলয়তি অচকলৎ হলয়তি অজহলৎ কৃতয়তি .অচীকৃতৎ অচকৃতৎ। বৃণয়তি ত্বচয়তি। তুস্তানি বিনিহন্তি। বিতুস্তয়তি। বস্ত্রৎসংচ্ছাদয়তি। সংবস্ত্রয়তি। বর্ম্মণা সংনহ্যতি। সংবর্ম্ময়তি।

চূর্ণৈরবধ্বংসতে। অবচূর্ণয়তি। হস্তিনাতিক্রামতি । অস্তিহস্ত-য়তি। বীণয়া উপগায়তি। উপবীণয়তি । তূলৈরবকুষ্ণাতি। অবতূলয়তি। শ্লোকৈরুপস্তৌতি । উপশ্লোকয়তি । সেনয়া অভিমুখংযাতি। অভিষেণয়তি অভিষিষেণয়িষতি । রূপং পশ্যতি রূপয়তি। লোমান্যনুমার্ষ্টি । অনুলোময়তি। হস্তৌ নিরস্যতি। অতিহস্তয়তি। পুচ্ছমুৎক্ষিপতি । উৎপুচ্ছয়তি। ভাণ্ডানি সংচিনোতি। সংভাণ্ডয়তি চীবরংসংমার্জয়তি পরি দধাতি বা। সঞ্চীবরয়তে। ভিক্ষুঃ।

৫৭৭ লিধোর্বথেষ্টংদ্বিঃকণ্ডাদ্যজাদ্যোস্তু তৃতীয়ানাদ্যোঃ।

পুপুত্রীয়িষতি পুতিত্রীয়িষতি পুত্রীয়িয়িষতি পুপুতিত্রীয়িয়িষতি অশিশ্বীয়িষতি কণ্ডূয়িয়িষতি।

ইতি লিধুপাদঃ।

২৯ অধ্যায়ঃ ।

পাং।

৫৭৮ ঘে পং পরানুকুপ্রত্যভ্যাতিক্ষিপপ্রবহপরিমৃষব্যাপরি রমোবাতুপরমঃ।

এভ্যঃ পংস্যাৎ ঘে উপরমস্তু বা । পরাকরোতি অনুকরোতি প্রতিক্ষিপতি প্রবহতি পরিমৃষ্যতি বিরমতি আরমতি উপরমতি উপরমতে। বিষ্ণুঃ।

৫৭৯ কম্পান্নার্থেঙবুধযুধপ্রুদ্রুস্রুজননশোহঞিঃ প্রাণিঘাঢাঞ্চ ঞেঃ।

চলয়তি ভোজয়তি অধ্যাপয়তি বোধয়তি যোধয়তি প্রাব

য়তি। দ্রাবয়তি সাবয়তি জনয়তি নাশয়তি শায়য়তি কৃষ্ণং যশোদা। প্রাণি ঘাৎ কিং। শোষয়তে। শালিং। অত্যাৎ কিং ভক্তিং। কারয়তে। অঞ্চৌ কিং। রূপয়তে। হরিঃ।

ইতি পপাদঃ।

৩০ অধ্যায়ঃ।

মং।

৫৮০ বিপরাজিপরিব্যবক্রীনিবিশানুপ্রচ্ছো মং।

এভ্যো মং স্যাদেঘঽর্থে। বিজয়তে পরাজয়তে পরিক্রীণীতে নিবিশতে আনুতে আপৃচ্ছতে।

৫৮১ আদাঞোঽস্বপ্রসারে।

আদত্তে। স্বপ্রসারেত্বু। ব্যাদদাতি। মুখং কৃষ্ণঃ।

৫৮২ আগমেঃ ক্ষান্তৌ।

আগময়তে। কালং।

৫৮৩ পর্য্যন্ববাঙঃ ক্রীড়ঃ।

পরিক্রীড়তে অনুক্রীড়তে অবক্রীড়তে আক্রীড়তে।

৫৮৪ সমোঽকূজনে।

সংক্রীড়তে। কূজনে তু। সংক্রীড়তি। চক্রং।

৫৮৫ ক্রোঽপাদ্ধর্ষান্নবাসেচ্ছেচতুষ্পাদ্বৌ সুম্চ।

অপস্কিরতে। মত্তঃ কুক্কুটঃ শ্বা বা অন্যত্র মল্লোঽপকিরতি গজোঽপকিরত্যস্তঃ।

৫৮৬ শপথাশীর্গত্যনুকারে শপনাথহ্বঞঃ।

কৃষ্ণায়, শপতে। গোপী মোক্ষায়। নাথতে মুনিঃ। পৈতৃক মনুহরতে অশ্বঃ।

৫৮৭ প্রতিজ্ঞানির্ণয় প্রকাশে সংপ্রব্যবাচ্চ স্থঃ।

নিত্যং শব্দ মাতিষ্ঠতে। ত্বয়ি। তিষ্ঠতে। বিবাদঃ রামায়। তিষ্ঠতে। সীতা। সংতিষ্ঠতে প্রতিষ্ঠতে অবতিষ্ঠতে।

৫৮৮ উদোঽনূর্দ্ধে হে।

মুক্তা বুত্তিষ্ঠতে। অন্যত্র আসনা দুত্তিষ্ঠতি। গ্রামাচ্ছতমুত্তিষ্ঠতি পিপীলিকা।

৫৮৯ মন্ত্রেণোপাৎ।

গায়ত্র্যোপতিষ্ঠতে অর্কং।

৫৯০ মৈত্রাধ্বসঙ্গারাধে।

সন্তমুপতিষ্ঠতে সাধুঃ। গঙ্গা মুপতিষ্ঠতে পন্থাঃ পতিমুপতিষ্ঠতে নারী। বিষ্ণু মুপতিষ্ঠতে বৈষ্ণবঃ।

৫৯১ লিপ্সায়াম্বা।

ভিক্ষুর্ধার্ম্মিকমুপতিষ্ঠতে। উপতিষ্ঠতে। বা।

৫৯২ অঢ়াৎ।

জ্ঞানং। উপতিষ্ঠতে।

৫৯৩ সমোগমৃচ্ছ প্রচ্ছস্বৃ শ্রুবেত্ত্যর্ত্তিদৃশঃ।

সংগচ্ছতে সমগত সমংগস্ত সঙ্গসীষ্ট সঙ্গংসীষ্ট সমৃচ্ছতে সংপৃচ্ছতে সংস্বরতে সংশৃণুতে সংবিদ্রতে সংবিদতে সমিযৃতে। সংপশ্যতে অঢ়াৎ কিং। গঙ্গাং। সঙ্গচ্ছতি।

৫৯৪ গের্ব্বাস্যোহোঢ়ে চ।

নিরস্যতে নিরস্যতি সমূহতে সমূহতি।

৫৯৫ গেরুহঃস্বোযেহণৌ।

বন্ধ। সমুহ্যাৎ।

৫৯৬ আত্মাঙ্গঢ়াদঢাচ্চাহনযমঃ।

উর। আহতে পাদমাযচ্ছতে। আহতে আযচ্ছতে।

৫৯৭ হনঃ কিৎসিঃ।

হনঃ পরঃ সিঃ কিৎ স্যাৎ। আহত আবধিষ্ট আহসাতাং আবধিষাতাং। অন্যত্র। শত্রুমাহন্তি পরশির আযচ্ছতি।

৫৯৮ যমঃ সূচনে বা তূদ্বাহে।

রামঃ সীতা মুপায়ত। উপায়ংস্ত।

৫৯৯ ব্যুত্তপঃ।

বিতপতে উত্তপতে। পাণিং জনঃ। আত্মাঙ্গঢাদঢাচ্চ কিং।

মহীং বিতপত্যর্কঃ।

৬০০ তপোঢাদ্রুকৃচরে।

তপ্যতে। তপস্তাপসঃ রে কিং। অতপ্ত।

৬০১ সৃজঃশ্রাদ্ধঘাত্তনীণ্‌চ।

সৃজ্যতে। স্রজং ভক্তঃ। অসর্জি রে কিং। সসর্জ।

৬০২ নিসংব্যুপহ্বঃ।

নিহ্বয়তে সংহ্বয়তে বিহ্বয়তে উপহ্বয়তে।

৬০৩ স্পর্দ্ধায়ামাঙঃ।

কৃষ্ণশ্চানূরমাহ্বয়তে।

৬০৪ সূচনাবক্ষেপণসেবাসাহসপ্রতিযত্নাকৃতাধ্যাহারকথোপযোগে কৃঞঃ।

অপকুরুতে। শ্যেনো বর্ত্তিকাং। উপকুরুতে। বিষ্ণুং। প্রকুরুতে। পরদারান্ প্রকুরুতে। এধোদকস্য। উপস্কুরুতে।

গীতাঃ। শতং। প্রকুরুতে।

৬০৫ অধেঃ শক্তৌ।

দৈত্যান্। অধিকুরুতে। কৃষ্ণঃ।

৬০৬ শব্দচাচাদ্বেঃ।

স্বরান্। বিকুরুতে বায়ুঃ বিকুরুতে। শব্দাচাদচাচ্ কিং। অন্যত্র চিত্তং। বিকরোতি। কামঃ।

৬০৭ জ্ঞানার্চ্চোৎক্ষেপোপনয়নভৃতিবিগণনব্যয়েষুনীঞঃ।

শাস্ত্রে। নয়তে। বিষ্ণুং। নয়তে। দণ্ডমুন্নয়তে পুত্রমুপনয়তে ভৃত্যমুপনয়তে ঋণং। বিনয়তে। দ্রব্যং। বিনয়তে।

৬০৮ ঘস্থামূর্ত্তচাৎ।

ঘস্থমমূর্ত্তং চংকর্ম্ম যস্যতস্মান্নীঞোম্বংস্যাৎ ক্রোধং। বিনয়তে। ঘস্থং কিং। গুরোঃ ক্রোধং। বিনয়তি। অমূর্ত্তং কিং। গণ্ডং। বিনয়তি।

৬০৯ বৃত্ত্যুৎসাহতায়নে ক্রমঃ পরোপাঃক্রমঃ।

ঋক্ষু। ক্রমতে। বুদ্ধিঃ ধর্ম্মায়। ক্রমতে। সাধুঃ শ্রীঃ। ক্রমতে সতাং। পরাক্রমতে উপক্রমতে।

৬১০ আঙোভোদ্গামেঃ।

আক্রমতে। অর্কঃ। ভোদ্গামে কিং। আক্রামতি। ধূমঃ খংব্যাপ্নোতীত্যর্থঃ।

৬১১ বেঃ পদ্ভিঃ।

সাধু। বিক্রমতে। বাজী। পদ্ভি কিং। বাজিনা। বিক্রামতি

৬১২ প্রোপাদারম্ভে।

ভোক্তুং। প্রক্রমতে উপক্রমতে।

৬১৩ বাহগেঃ।

ক্রমতে ক্রামতি।

৬১৪ নিহ্নবেজ্ঞঃ।

শত মপজানীতে।

৬১৫ অঢ়াৎ।

সর্পিষোজানীতে।

৬১৬ সংপ্রতের স্মৃতৌ।

সংজানীতে প্রতিজানীতে। অস্মৃতৌ কিং পুত্রং। সংজানাতি।

৬১৭ ণ্যের্ঢঃঢণ্যৌঘে।

দর্শয়তে। ভবো ভক্তান্ অণ্যৌ যৎঢং তচ্চেদ্য ইতি কিং। দর্শয়তি। শম্ভুং ভক্তান্ ভক্তিঃ। স্মৃতৌ তু। স্মারয়তি। ভক্তান্ হরিঃ।

৬১৮ জ্ঞানযত্নপ্রলোভে বদঃ।

পাণিনি র্বদতে ক্ষেত্রে। বদতে। শিষ্যমুপবদতে।

৬১৯ অনোরঢাৎ।

অনুবদতে।

৬২০ বিমতিব্যক্তসহোক্ত্যোঃ।

বিবদন্তে। শিষ্যাঃ ব্রাহ্মণা বেদং। সংপ্রবদন্তে। ব্যক্তং কিং। সংপ্রবদন্তিং। খগাঃ।

৬২১ তদ্বোগে বা।

বিপ্রবদন্তে বিপ্রবদন্তি। বৈদ্যাঃ।

৬২২ অবাদ্গিরঃ।

অবগিরতে।

৬২৩ সমঃ প্রতিজ্ঞায়াং।

শতং। সঙ্গিরতে।

৬২৪ উচ্চরঃ সহাৎ।

ধর্ম্মমুচ্চরতে। সঢাৎ কিং। ধূমঃ। উচ্চরতি।

৬২৫ সমস্ত্র্যা।

অশ্বেন। সঞ্চরতে।

৬২৬ দানঃ সা চেচ্চ্যর্থে।

দাস্যা। সংযচ্ছতে। কামী। চ্যর্থে কিৎ। দাস্যা। সংযচ্ছতি। ভিক্ষাং ভিক্ষবে।

৬২৭ উপযমোবিবাহে।

রামঃ সীতা মুপায়ত। উপায়ংস্ত।

৬২৮ ভুজোঽশনে।

শালীন্। ভুঙক্তে। গৌঃ অনশনে তু। পৃথ্বীং। ভুনক্তি রাজা।

৬২৯ সংক্ষ্ণোঃ।

শস্ত্রং। সংক্ষ্ণুতে।

৬৩০ যুজির উদ্যাচোঽযজ্ঞপাত্রে।

উদ্যুঙ্‌ক্তে। প্রযুঙ্‌ক্তে উপযুঙ্‌ক্তে যজ্ঞপাত্রে তু। প্রযুনক্তি যজ্ঞপাত্রং। ধীরঃ।

৬৩১ প্রতারেবঞ্চিগর্দ্ধেঃ।

বটুং। বঞ্চয়তে গর্দ্ধয়তে। প্রতারে কিং। শ্যেনোঽহিং। বঞ্চয়তি।

৬৩২ পূজাভিভবে চ লাপেঃ।

জটাভির্লাপয়তে। শ্যেনো। বর্ত্তিকামুল্লাপয়তে পুত্রমুল্লাপয়তে। এষু কিং ঘৃতং। বিলাপয়তি।

৬৩৩ মিথ্যাকারেরভ্যাসে।

পদং মিথ্যা। কারয়তে। মিথ্যা কিং। সাধুপদং। কারয়তি অভ্যাসে কিং। অকৃৎ পদং মিথ্যা। কারয়তি।

৬৩৪ ব্যতিহারেগতিহিংসাশব্দার্থহসান্যহৃবহোঽনন্যোন্যার্থে।

ব্যতিভবতে। অর্কমিন্দুঃ। ব্যতিহরতে ব্যতিবহতে ব্যতিজজ্ঞিষু। ব্যতিজজ্ঞিধ্বে।

৬৩৫ হেঽহস্তেরেতি।

অস্তের্হঃ স্যাৎ একারে পরে। ব্যতিহে। গত্যর্থাদেস্তু। ব্যতিসর্পন্তি ব্যতিঘ্নন্তি ব্যতিজল্পন্তি ব্যতিহসন্তি। অন্যোন্যার্থে তু। পরস্পরং ব্যতিলুনন্তি।

৭৩৬ স্মৃদৃশহনন্বজ্ঞানাপ্রতিশ্রোঃ সনঃ।

এভ্যঃ সনন্তেভ্যো মং স্যাৎ। সুস্মূর্ষতে দিদৃক্ষতে জিজ্ঞাসতেশুশ্রূষতে। অন্যত্র। অনুজিজ্ঞাসতি আশুশ্রূষতি প্রতিশুশ্রূষতি।

৬৩৭ ণ্যিঞ্জ্যন্তপিবধেনৃদ্বদবসদমুচাদপরিমুহাযমযসোঽহংগিজ্ঞাপবদাগ্রন্থোৎসমাযমঃ ফলিনি।

ণ্যিন্তো ঞ্জ্যন্তপিবাদেরগিজানাতেরপবদোঽগ্রন্থোদাদিপূর্ব্বযমশ্চ ফলবতি ঘে মং স্যাৎ। যজতে. পায়য়তে ধাপয়তে নর্ত্তয়তে বাদয়তে বাসয়তে দময়তে রোচয়তে আদয়তে পরিমোহয়তে আযাময়তে আযাসয়তে জানীতে অপবদতে উদ্গ্রন্থতে

সংযচ্ছতে আযচ্ছতে। গ্রস্থে তু। বেদমুমূর্চ্ছতি। ফলিনি। কিং। যজতি। যাজকঃ।

ইতি মপাদঃ।

---

৩১ অধ্যায়।

ঢভাবঃ।

৬৩৮ ঢভাবে মং।

ধোর্ঢে ভাবে চ মং স্যাৎ।

৬৩৯ রত্নোর্যগিণৌ।

ধো রে পরে যক্ তনি পরে ইণ্ স্যাৎ ঢে ভাবে চ। স্তূয়তে বিষ্ণুঃ। স্তূয়েত স্তূয়তাং অস্তূয়ত অস্তাবি।

৬৪০ হনগ্রহদৃশচঃ সিড্যাদের্মিণ বা।

এভ্যঃ পরাসাং সিডীটীতীথীনাং মিণ্ বা স্যাৎ ঢভাবে। অস্তাবিষাতাং অস্তোষাতাং। হরিহরৌ। তুষ্টুবে স্তাবিতা স্তবিতা স্তোতা স্তাবিষীষ্ট স্তোষীষ্ট স্তাবিষ্যতে স্তোষ্যতে অস্তাবিষ্যত অস্তোষ্যত স্মর্য্যতে অর্য্যতে সংস্ক্রিয়তে।

৬৪১ নেণতপোঽনুতাপে।

অন্বতপ্ত দীয়তে।

৬৪২ যন্ঞ্ঞিঙ্কৃদিণ্যাতঃ।

আদন্তানাং যন্ স্যাৎ ঞ্ঞিতি কৃদি ইণি চ। অদায়ি অদায়িষাতাং অদিষাতাং হন্যতে অবধি অঘানি অঘানিষাতাং অবধিষাতাং আহসাতাং গৃহ্যতে অগ্রাহি অগ্রাহিষাতাং অগ্রহীষাতাং। দৃশ্যতে অদর্শি অদর্শিষাতাং অদৃক্ষাতাং

শম্যতে। মোহো মুকুন্দেন। অশমি অশামি অশমিষাতাং অশামিষাতাং অশময়িষাতাং অশাময়িষ্যতাং।

৬৪৩ ভাবে মাদ্যং।

মস্যাদ্যং বচনং ভাবে প্রযুজ্যতে। ময়া ভূয়তে। অভাবি বভূবে বুভূবে ভাবিতা ভবিতা শম্যতে। মুনিনা। অশমি অকামি অবামি আচামি ব্যশ্রমি ব্যশ্রামি অবধি অজাগরি। ঞৌ তু। অজাগারি।

৬৪৪ ভনজহগিলম্ভোবেণ্ণমোর্নলোপঃ।

অনয়োর্নলোপো বা স্যাৎ ইণ্ণমোঃ পরয়োঃ। অভাজি অভঞ্জি অলাভি অলম্ভি। গৌ তু। প্রালম্ভি।

৬৫৫ ঢবৎঢযোঽঢে।

ঢমেব যত্বং প্রাপ্তং ঢযঃ সচ ঢবৎ স্যাৎ নতু ঢে সতি। তথা চ। ক্রিয়মাণন্তু যৎ কর্ম্ম স্বয়মেব প্রসিধ্যতি। সুকরৈঃ স্বৈগুণৈঃ কর্ত্তুঃ কর্ম্মকর্ত্তেতি তদ্বিদুঃ। স্বয়মেব ভিদ্যতে কাষ্ঠং অভেদি

৬৪৭ কুষিরনজঃশ্যানপে বারে।

কুষ্যতি কুষ্যতে রজ্যতি রজ্যতে।

৬৪৭ বেণজদুহঃ।

অজন্তাদ্দুহশ্চ ইণ স্যাদ্বা ঢযে। অকারি অকৃত অদোহি অদুগ্ধ।

৬৪৮ নতপরুধঃসঢ় পচদুহঃ।

তপোরুধঃ সঢাভ্যাং পচদুহাভ্যাং ইণ ন স্যাৎ ঢযে। অতপ্ত অরুদ্ধ। অপক্তামুঃ ফলং। অদুগ্ধ। গৌদুর্গ্ধাং অতএবান-

য়োর্চেঽপি ঢঘত্বং।

৬৪৯ সনঃ শ্রন্থগ্রন্থবকৃগৃদুহনমভূষার্থাম্বক্‌চ ঞি মুশ্রিমাঢা-ত্বঃ মিণ্।

সনন্তাদেরিণ যক্‌চ ন স্যাৎ ঢঘে এ্যাদেস্তু মিণ্‌বর্জ্জং। চিকীর্ষতে অচিকীর্ষিষ্ট শ্রথ্নীতে অশ্রন্থিষ্ট গ্রথ্নীতে অগ্রন্থিষ্ট বুতে অবোচত কিরতে অকীর্ষ্ট গিরতে অগীর্ষ্ট দুগ্ধে অদুগ্ধ নমতে অনংস্ত তংসতে অতংশিষ্ট কারয়তে অচীকরত অকারয়িষ্ট অকারিষ্ট স্নুতে অস্নাবিষ্ট অস্নোষ্ট শ্রয়তে অশিশ্রিয়ত অশ্রায়িষ্ট আহতে আবধিষ্ট আঘানিষ্ট আহত।

৬৫০ নাদিএ্যন্তাঢগত্যর্থামুখ্যেঢেঢত্যমাপ্লুযুঃ।

গৌণে যাচাদয়ো হন্যে তু যথেষ্টং দ্বিঢধুষ্বিতি। নিন্যে বিজনমজাগরি রজনিমগমি মদমযাচি সম্ভোগং। গোপী হাব সকার্য্যত ভাবশ্চৈনামনস্তেন।

ইতি ঢভাবপাদঃ।

---

৩২ অধ্যায়ঃ।

ক্রিঃ।

৬৫১ ভবন্ভূতভব্যে ত্রিশঃ ক্যাদ্যাঃ।

ক্যাদ্যাঃ ক্তুয় ত্রিসন্ত্রিসঃ ক্রমাদ্বর্ত্তমানাতীতভবিষ্যৎ সুকালেষু স্যুঃ। শেতে স চিত্তশয়নে মম মীনকূর্ম্মকোলোঽভবন্নৃহরিবামনজামদগ্ন্যঃ। যোঽভূদ্বভূব ভরতাগ্রজকৃষ্ণবুদ্ধঃ কল্কী সতাঞ্চ ভবিতা প্রহরিষ্যতে হরীন্।

৬৫২ কীস্মেনাতীতে।

স্মেন যোগেহতীতে কী স্যাৎ। হন্তি স্ম রাবণং রামঃ।

৬৫৩ যাবৎ পুরাভ্যাং ভব্যে।

যাবস্তবতি কল্কী পুরা দৃশ্যতে।

৬৫৪ কদাকর্হিভ্যাং বা।

কদা পশ্যামি গোবিন্দং কদা দ্রক্ষ্যামি শঙ্করং।

৬৫৫ কিংভির্লিপ্সায়াং।

কিমোঽবৈপের্যোগে ভব্যে কী স্যাদ্বা লিপ্সায়াং। কতরঃ কতমঃ কো বা ভিক্ষাং রাস্যতি রাতি বা।

৬৫৬ লিপ্স্যসিদ্ধৌ।

লিপ্স্যেনান্নাদিনা স্বগাদেঃ সিদ্ধৌ সত্যাং ভব্যে কী বা স্যাৎ যো ভিক্ষাং দদাতি দাস্যতি বা স স্বর্গং যাতি যাস্যতি বা।

৬৫৭ গ্যর্থাশংসয়োঃ।

গ্যা অর্থে প্রেষ্যাদৌ আশংসায়াঞ্চ ভব্যে কী বা স্যাৎ। গুরুশ্চেদায়াতি আয়াস্যতি বা অথ ত্বং বেদমধীষ্ব বয়ং তর্কমধীমহে।

৬৫৮ জাত্বপিভ্যাংসদাক্ষেপে।

জাতুনিন্দসি গোবিন্দমপি নিন্দসি শঙ্করং।

৬৫৯ কথমা খীচ বা।

কথং নিন্দস্যজং নিন্দেঃ শম্ভুং দেবীং নিনিন্দিথ।

৬৬০ কিন্তিঃখীতৌ।

কো নিন্দিষ্যতি লক্ষ্মীশং নিন্দেৎ কতর ঈশ্বরং।

৬৬১ অনৈ্যশ্চাশ্রদ্ধামর্ষে।

ন শ্রদ্দধে মর্ষয়ে ন যৎ স গর্হিষ্যতে হরিং। শিবং গর্হেত কো

নিন্দেৎ বিষ্ণুনিন্দিষ্যতীশ্বরং।

৬৬২ কিংকিলাস্ত্যর্থাভ্যাস্তী।

ত্বং কিং কিল হৃষীকেশং নিন্দিষ্যতি ন মং স্য সে। মহা-দেবং চাস্তি নাম শ্রদ্দধে ন ন মর্ষয়ে।

৬৬৩ জাতুযদ্‌যদাযদিভিঃ খী।

এভির্যোগে ঽশ্রদ্ধামর্ষে সদাকালে খী স্যাৎ। ন মর্ষয়ে শ্রদ্দধে নো জাতু নিন্দেৎ জনার্দ্দনং।

৬৬৪ যচ্চযত্রাভ্যাংক্ষেপচিত্রে চ।

যচ্চ নিন্দেৎ বিভুং গর্হে চিত্রং শুদ্ধাৎ ন মর্ষয়ে।

৬৬৫ চিত্রেত্যযদিনা।

যদি বর্জ্জিতেন শব্দমাত্রেণ যোগে গম্যে সদা তী স্যাৎ। চিত্রং দ্রক্ষ্যতি নামান্ধঃ কৃষ্ণং পশ্যেৎ যদীশ্বরং।

৬৬৬ বাঢেঽপ্যুতাভ্যাং খী।

অপিহন্যাদঘং শম্ভুরুত দুঃখং জয়েদজঃ।

৬৬৭ প্রৌঢ্যাসম্ভাবনে।

প্রৌঢিঃসামর্থ্যং। সম্ভাবনং ক্রিয়াসু যোগ্যতাধ্যবসায়ঃ। প্রৌঢিহেতুক সম্ভাবনোপাধিকে ঽর্থে বর্ত্তমানাদ্ধোঃ সদা খী স্যাৎ। অপিহিংস্যাজ্জগন্নাথোমহাপাতকপঞ্চকং।

৬৬৮ শ্রদ্ধার্থৈর্বাযদি।

শ্রদ্দধে ঽজং ভজেঃ প্রাণৈর্ভক্ষ্যসে ঽজং বভক্ত তৎ।

৬৬৯ ভব্যেবাফলহেত্বোঃ।

শংযায়াচ্চেন্নমেদীশং শ্রীশং নংস্যতি যাস্যতি।

৬৭০ কামোক্তেঽকচ্চিতি।

কামং ভজেৎ ভবান্ ভর্গং কচ্চিদর্চিষ্যতে শিবং।

৬৭১ গীচেচ্ছার্থেঃ।

ইচ্ছামি সর্ব্বং সেবেত শ্রীপতিং সেবতাং ভবান্। কামোক্ত ইতি কিং। ইচ্ছন্ করোতি।

৬৭২ বিধিনিমন্ত্রণামন্ত্রণাধ্যেষণসংপ্রশ্ন প্রার্থনাপ্রৈষ্যপ্রাপ্ত কালাদৌ।

সদা যাগং কুর্য্যাৎ ইহ ভুঞ্জীত ভবান্ ইহ শয়ীত ভবান্ পুত্র মধ্যাপয়েৎ ভবান্ কিং ভো বেদ মধীয়ীয় উত তর্ক মধীয়ীয় ভো ভোজনং লভেয় প্রেষিতস্ত্বং গঙ্গাং গচ্ছেঃ। প্রাপ্তস্তে কাল স্তপঃ কুর্য্যাঃ। এবং গী।

৬৭৩ সমর্থনাশিষোর্গী।

সিন্ধুমপি শোষয়াণি।

৬৭৪ তুহ্যোস্তাতঙ্বাশিষি।

পাতু পাতাদ্বা শিবঃ পাহি পাতাদ্বা শিবঃ।

৬৭৫ মুহুর্ভৃশার্থে হিতস্বধ্বং।

পৌনঃ পুন্যে হতিশয়ে চার্থে সদা কালে গ্যা হি ত স্ব ধ্বং স্যুঃ। মুহুর্ভৃশং বা লুনাতি লুলাব লবিষ্যতি বা। লুনীহি লুনীত লুনীষ্ব লুনীধ্বং।

৬৭৬ মাস্মেনঘীট্যৌ।

মাস্মশব্দেন যোগে সদা ঘীট্যৌ স্তঃ। মাস্ম ভবদ্দুঃখং। মাস্মভূৎ। শোকঃ।

৬৭৭ মাটীবা।

মাযোগে সদা টী স্যাদ্বা। মাবিরংসীৎ সুখং। মা বিরমত

মাবিরংস্যাতি।

৬৭৮ ঢ্যাশিষি।

জীব্যাচ্চিরং সজ্জনঃ।

৬৭৯ স্মৃর্থৈর্ন্ত্যযদিত্বতীতে।

স্মরণার্থৈর্যোগে হতীতে কালে ন্তী স্যাৎ। যচ্ছব্দশ্চেন্ন প্রযুজ্যতে। ঘ্যপবাদোয়ং। স্মরস্যেনং নংস্যসীশং যৎস্মরস্যা নমঃ শিবং।

৬৮০ বানেকস্মার্য্যে।

অনেকস্মার্য্যে প্রযোক্তরি স্মরণার্থৈর্যোগে হতীতে ন্তীবা স্যাৎ। ধ্যায় সীদং যদীশানং দ্রক্ষ্যতি স্তোষ্যতে ভবান্।

৬৮১ ধ্বর্থাসম্ভবে থী।

ধোরর্থস্যানিষ্পত্তৌ সদা থী স্যাৎ। জ্ঞানঞ্চেদ ভবিষ্যৎ সুখ মভবিষ্যৎ।

৬৮২ লিযুষ্মদস্মদিত্যাদিত্রিশঃ।

লৌ যুষ্মদি অস্মদি চ ত্যস্যার্থেপ্রযুজ্যমানে ত্যাদীনি ত্রীণি ত্রীণি ক্রমাৎ স্যুঃ। জানাতি যোহলিখং যঞ্চ ন জানীতঃ শ্রুতি স্মৃতী। শাস্ত্রাণি চ ন জানন্তি স ময়া সেব্যতে শিবঃ। ভাসিত্ব মেকো বিশ্বেশ ভাথো হচ্যুত শিবৌ যুবাং। ভাথ যূয়ং হরি হর ব্রহ্মাদ্যাঃ পাহ্যনেকশঃ। একো ভবামি স্ম ভবে হহমাদৌ দাবৈরথোভৌ স্ম ভবাব আবাং। বয়ং ভবামোবহবঃ স্ম পুত্রৈস্তন্মায়য়াদ্যাপি বিভো প্রসীদ।

ইতিক্তিপাদঃ।

ইতি মুগ্ধবোধব্যাকরণে ত্যাদ্যন্তাধিকারঃ।

সমাপ্তঃ।

৩৩ অধ্যায়ঃ।

ল্যঃ।

৬৮৩ ক্বদ্ধোঃকভাবে।

বক্ষ্যমাণস্ত্যঃ কৃৎ সংজ্ঞঃ স্যাৎ সচ ধোঃ পরঃ স্যাৎ সচ কে ভাবে চ স্যাৎ।

৬৮৪ সন্ধপোবাধ্যঃ।

সমানরূপস্ত্যঃ কৃতা বাধ্যতে নত্বসরূপঃ।

৬৮৫ তব্যানীয়যাঢভাবে।

ধোরেতে স্যুঃ ঢভাবে। চেতব্যং চয়নীয়ং চেয়ং। পুণ্যং। ভবিতব্যং ভবনীয়ং ভব্যং। ত্বয়া।

৬৮৬ নোঽচোঽন্তদুর্গোঃ প্রাগুপ্নোঽখ্যাভাভূপূঞ্কমগমপ্যায় বেপানিজাদীদিতোঞিহসাদীজুঙন্ত বা।

অন্তরো দুর্বর্জগেশ্চ পরস্য ণবিধিহেতৌ ন স্যাচঃ পরস্য ণঃ স্যাৎনতু খ্যাদেঃ ইজাদিবর্জেদিতশ্চঞ্যন্তাদ্ধসাদীজুঙন্তু বা। অন্তর্যানীয়ং প্রযাণীয়ং। প্রযাপণীয়ং প্রযাপনীয়ং প্রকোপণীয়ং প্রকোপনীয়ং। খ্যাদেস্তু প্রখ্যাপনীয়ং প্রভাপনীয়ং প্রভবনীয়ং প্রপবনীয়ং প্রকমনীয়ং প্রগমনীয়ং প্রপ্যায়নীয়ং প্রবেপনীয়ং প্রকম্পনীয়ং। ইজাদেস্তু। প্রেঙ্খণীয়ং।

৬৮৭ খনাট্টেঃরেযে।

খন আদন্তস্য চ টেরে স্যাৎ যে পরে। খেয়ং দেয়ং।

৬৮৮ ঘ্যণোরাবশ্যকে।

উবর্ণান্তাদাবশ্যম্ভাবে ঽর্থে ঘ্যণ্ স্যাৎ ঢভাবে। বিপ্রেণ শুচিনা। ভাব্যং।

৬৮৯ হস্‌বৃ্যাসোঃ।

হসন্তাদৃবর্ণান্তাৎ যৌতেরাসুনোতেশ্চ ঘ্যণ্ স্যাৎ ঢভাবে। বাহ্যং ঘাত্যং জন্যং বধ্যং কার্য্যং যাব্যং আসাব্যং।

৬৯০ চজোঃ কগৌঘিত্যহ্সেমক্তযজ্ঞাঙ্গযজগত্যর্থবঞ্চাৎ।

ঘিতি পরে চজোঃ কগৌ স্তো নতু সেমক্তাদেঃ। পাক্যং রোগ্যং। গতৌ তু। বঞ্চ্যং। অন্যত্র। বঙ্ক্যং। কাষ্ঠং।

৬৯১ নাবশ্যকে ত্যজযজপ্রবচাঞ্চ ঘ্যণি।

আবশ্যকেঽর্থে এষাং চজোঃ কগৌ ন স্তো ঘ্যণি। অবশ্যং পাচ্যং ত্যাজ্যঃ যাজ্যঃ প্রবাচ্যং।

৬৯২ ভুজবচনি প্রযুজোঽন্নাশব্দ শক্যে।

ভুজো ভক্ষ্যেঽর্থে বচো শব্দেঽর্থে নিপ্রপূর্ব্বস্য যুজঃশক্যেঽর্থে চজোঃ কগৌ ন স্তো ঘ্যণি। ভোজ্যং বাচ্যং নিযোজ্যঃ প্রযোজ্যঃ। এষু কিং। ভোগ্যা। ভূঃ বাক্যং পদসমুদায়ঃ নিয়োক্তুমর্হতি। নিযোগ্যঃ প্রভুঃ।

৬৯৩ পায্যধায্যপ্রণায্যানায্যকুণ্ডপায্যসঞ্চায্যরাজসূয়সান্নায্যনিকায্যপরিচায্যোপচায্যচিত্যাগ্নিচিত্যাসমুহ্যামাবস্যামাবাস্যাযাজ্যাঃ।

এতে ঘ্যণন্তা নিপাত্যন্তে। পায্যং মানং দধাত্যগ্নিমিতি ধায্যা সামধেনী ধায্যা ঋত্বিজঃ প্রণায্যো অসম্মতঃ প্রিয়ো বা। আনায্যো দক্ষিণাগ্নিঃ কুণ্ডৈঃ পীয়তে অত্র সোম ইতি কুণ্ডপায্যঃ ক্রতুঃ সঞ্চায্যঃ ক্রতুঃ রাজ্ঞা সূয়তে রাজসূয়ঃ ক্রতুঃ সান্নায্যং হবিঃ নিকায্যো নিবাসঃ পরিচায্যোঽগ্নিঃ উপচায্যোঽগ্নিঃ চিত্যোঽগ্নিঃ অগ্নেশ্চয়নমিতি অগ্নিচিত্যা সমুহ্যো২গ্নিঃ

সম্বাহ ইত্যর্থঃ অমা সহ বসতো ঽস্যাং চন্দ্রার্কাবিত্যমাবা-স্যা অমাবস্যা যজন্তি অনয়া ইতি যাজ্যাঃ নিপাতো হ্যর্থ বিশেষে।

৬৯৪ পুশকসহতকচতযতশসোঽচমবপরপল্পত্র পাদভোঃ যোভজজপযজানমস্তু বা।

পবর্গান্তাৎ শকাদেশ্চ চমাদিবর্জাৎ যঃ স্যাৎ ঢভাবে ভজাদেস্তু বা। রম্যং শক্যং সহ্যং তক্যং চত্যং যত্যং শস্যং ভজ্যং ভাগ্যং জপ্যং জাপ্যং যজ্যং যাজ্যং আনম্যং আনাম্যং। চমাদেস্তু। আচাম্যং বাপ্যং রাপ্যং লাপ্যং ত্রাপ্যং দাভ্যং অনকার নির্দ্দেশাৎ।

৬৯৫ য্যালভোমুণ্।

আঙ্ পূর্ব্বস্য লভো মুণ্ স্যাৎ যকারে। আলম্ভ্যা। গৌঃ।

৬৯৬ উপাৎস্তুতৌ।

উপপূর্ব্বস্য লভো মুণ্স্যাৎ যে পরে প্রশংসায়াং। উপলম্ভ্যঃ সাধুঃ। স্তুতৌ কিং। উপলভ্যমস্মাৎ কিঞ্চিৎ।

৬৯৭ গদমদযমচরাচরোঽগের্যঃ।

অগিভ্য এভ্যো যঃ স্যাৎ ঢভাবে। গদ্যং মদ্যং যম্যং চর্য্যং আচর্য্যং। অগেঃ কিং। প্রগাদ্যং অভিচার্য্যং।

৬৯৮ পণ্যাবদ্যবর্য্যাচার্য্যবহ্যজষ্যক্ষষ্যক্রয্যার্য্যোপসর্য্যাজর্য্যং।

এতে যান্তা নিপাত্যন্তে। পণ্যং বিক্রেয়ং অবদ্যং অনিষ্টং বর্য্যা কন্যা বর্য্যং শ্রেষ্ঠং আচার্য্যো গুরুঃ উহ্যতে ঽনেনেতি

বহ্যং শকটং জেতুং শক্যং জয্যং এবং ক্ষয্যং ক্রয্যং হন্তে প্রসারিতং। অর্য্যঃ স্বামী বৈশ্যো বা উপশ্রিয়ত ইত্যুপসর্য্যা ঋতুমতী নজীর্য্যতীত্যজর্য্যং সঙ্গতং।

৬৯৯ দৃভৃজুষস্তিনশাসৃদুণ্ডবৃঞেহক্লৃপচৃতঋচপাণিসৃজসমবসৃজঃ ক্যপ্।

দ্রাদেঋকারোণ্ডোবৃঙো বৃঞশ্চ ক্লৃপাদিবর্জাৎ ক্যপ্ স্যাৎ ঢভাবে।

৭০০ হ্রস্য তন্পিতি।

হ্রান্তস্য তন্স্যাৎ পিতি। আদৃত্যঃ ভৃত্যঃ জুষ্যঃ স্তুত্যঃ ইত্যঃ শিষ্যঃ বৃধ্যঃ বৃত্যঃ। ক্লৃপাদেস্তু। কল্প্যং চর্ত্যং অর্চ্চ্যং পাণিসর্গ্যা সমবসর্গ্যা। রজ্জুঃ।

৭০১ কৃবৃষমৃজগুহদৃহশংসসং ভৃপ্রত্যপিগ্রহোবা।

এভ্যঃ ক্যপ্ স্যাৎ বা ঢভাবে। কৃত্যং কার্য্যং বৃষ্যং বর্ষ্যং মৃজ্যং মার্গ্যং গুহ্যং গোহ্যং দুহ্যং দোহ্যং শস্যং শংস্যং সংভৃত্যঃ সংভার্য্যঃ প্রতিগৃহ্যং প্রতিগ্রাহ্যং অপিগৃহ্যং অপি-গ্রাহ্যং।

৭০২ গৃহ্যবিনীয়বিপূয়জিত্যাসূর্য্যরুচ্যাব্যথ্যভিদ্যোদ্ধ্যপু-ষ্যসিদ্ধ্যতিষ্যজয্যযুগ্যকৃষ্টপচ্যকুপ্যভার্য্যাঃ।

এতে ক্যবন্তা নিপাত্যন্তে। প্রগৃহ্যং পদং কৃষ্ণগৃহ্যঃ কৃষ্ণবর্গ্যঃ গৃহ্যে। হস্বৈরী গ্রামগৃহ্যাঃ গ্রামবাহ্যাঃ বিনীয়ঃ কল্কঃ বিপূয়ো মুঞ্জঃ জিত্যা হলী সরতিভী সূর্য্যোঃ। এবং রুচ্যঃ অব্যথ্যঃ। কূলং ভিনত্তীতি ভিদ্যো নদঃ বায়ুং উজ্ঝতীতি উদ্ধ্যো নদঃ কার্য্যং পুষ্ণাতীতি পুষ্যঃ নক্ষত্রং কার্য্যং সাধয়তীতি

সিধ্যঃ সএব তিষ্যো ৼপি আজ্যং ঘৃতং যুগ্যং বাহনং কৃষ্টে স্বয়ং পচ্যন্ত ইতি। কৃষ্টপচ্যো। বীহিঃ কুপ্যং সুবর্ণরূপ্যাভ্যা মন্যৎ ভার্য্যাবধূঃ ভার্য্যা ক্ষত্রিয়া।

৭০৩ লের্বদঃ ক্যপযৌ।

লেঃ পরাদ্বদঃ ক্যপ যৌ স্তো ঢভাবে। বৃহ্মণা উদ্যতে ইতি। বহ্মোদ্যা বৃহ্মবদ্যা। কথা। মৃষোদ্যং। নিত্যং।

৭০৪ ভূহনঃক্যপ্ভাবেনতশ্চ।

লেঃ পরাভ্যামাভ্যাং ক্যপ্ স্যাৎ ভাবে হনো নস্য তশ্চ। বৃহ্মভূয়ং। বৃহ্মত্বং। বৃহ্মহত্যা।

৭০৫ ধোঃ কেলিমোঢঘে।

ধোঃ পরঃ কেলিমঃ স্যাৎ ঢঘে। স্বয়মেব পচ্যন্তে ইতি। পচেলিমাঃ। তণ্ডুলাঃ। এবং। ভিদেলিমাঃ মাষাঃ।

৭০৬ তেল্যাঃ শক্যার্হপ্রেষ্যানুজ্ঞাপ্রাপ্তকালে বা।

তব্যাদয়ো ল্যসংজ্ঞাঃ স্যুঃ তে চ শক্যাদ্যর্থেষু বা স্যুঃ। বোঢুং শক্যো। বোঢব্যঃ বহনীয়ঃ বাহ্যঃ। স্তোতুমর্হঃ স্তোতব্যঃ স্তবনীয়ঃ স্তুত্যঃ। প্রেষিতস্ত্বং ত্বয়া। গন্তব্যং গমনীয়ং গম্যং। অনুজ্ঞাতস্ত্বং ত্বয়া। অধ্যেতব্যং অধ্যয়নীয়ং অধ্যেয়ং প্রাপ্তস্তে কালঃ ত্বয়া। ধ্যাতব্যং ধ্যানীয়ং ধ্যেয়ং।

ইতি ল্যপাদঃ।

---

৩৪ অধ্যায়।

তৃণাদিঃ।

৭০৭ তৃণ্ণকৌঘে।

খোস্তৃণ্ণকৌস্তোঘে। করোতি ইতি। কর্ত্তা কারকঃ দরিদ্রা য়কঃ।

৭০৮ গলেচোপকপাণহারকৌঢে।

এতৌনিপাত্যৌ ঢে।

৭০৯ মাহ্যাৎক্রমোনেমতৃণঃ।

প্রক্রন্তা উপক্রন্তা। অন্যত্র। ক্রমিতা।

৭১০ গ্রহনন্দিপচাদের্ণিননান্ঘে।

গ্রহাদের্ণিণ্নন্দ্যাদেরনঃ পচাদেরন্স্যাৎ ঘে। গ্রাহী স্থায়ী প্রপায়িণৌ নন্দনঃ বিচক্ষণঃ জনার্দ্দনঃ মধুসূদনঃ লবনঃ পচঃ দেবঃ লেল্যঃ লোলুবঃ রোরুয়ঃ।

৭১১ চিক্লিদচক্নশচরাচরচলাচলপতাপতবদাবদঘনাঘনপাটপটা বা।

এতে অনন্তা নিপাত্যন্তে বা। পক্ষে ক্লেদঃ কুশঃ চরঃ চলঃ পতঃ বদঃ হনঃ পটঃ।

৭১২ রাত্রের্মন্বা কৃতি।

রাত্রের্মন্স্যাৎ বা কৃতি। রাত্রিঞ্চরঃ রাত্রিচরঃ।

৭১৩ কৃগৃজ্ঞাপ্রীজুঙঃ কোদুহোঘঙ্চ।

ক্রাদেরিজুঙশ্চ কঃ স্যাৎ তস্মিংশ্চ দুহো ঘঙ্স্যাৎ ঘে। কিরঃ গিরঃ জ্ঞঃ প্রিয়ঃ ক্ষিপঃ ভূরুহঃ কামদুঘা। গৌঃ।

৭১৪ হনজনাদ্গমাদের্ডঃ।

হনো জন আদন্তাৎ গমাদেশ্চ ডঃ স্যাৎ ঘে। শোকাপহঃ বরাহঃ সরসিজং পঙ্কজঃ অজঃ গোদঃ দ্বিপঃ প্রহ্বঃ আশুগঃ নগঃ গিরিশঃ। বারি চরতিতী বার্চ্চো হংসঃ।

৭১৫ ধেটদৃশপাঘ্রাধ্মঃশঃ।

এভ্যঃ শঃ স্যাৎ ঘে। উদ্ধয়ঃ উৎপশ্যঃ উৎপিবঃ উজ্জিঘ্রঃ উদ্ধমঃ।

৭১৬ সাহিস্নাতিচেতিবেদ্যেজিধারিপারিলিম্পবিন্দোঽগেঃ।

অগিভ্য এভ্যঃ শঃ স্যাৎ ঘে। সাহয়ঃ সাতয়ঃ চেতয়ঃ বেদয়ঃ এজয়ঃ ধারয়ঃ পারয়ঃ লিম্পঃ বিন্দঃ গোবিন্দঃ।

৭১৭ দুনীভূজ্বলাদ্যাস্রুসংস্রোর্ণো বা।

অগিভ্য এভ্যো ণঃ স্যাৎ ঘে বা। দাবঃ দবঃ নায়ঃ নয়ঃ ভাবঃ ভবঃ জ্বালঃ জ্বলঃ চালঃ চলঃ আস্রাবঃ আস্রবঃ সংস্রাব সংস্রবঃ।

৭১৮ শ্বসব্যধেনতনদাবহৃসঃ।

এভ্যো ণঃ স্যাৎ ঘে। শ্বাসঃ ব্যাধঃ প্রত্যায়ঃ অবতানঃ দায় ধায়ঃ অবহারঃ অবসায়ঃ।

৭১৯ নৃৎখনরঞ্জঃ ষকঃ।

এভ্যঃ ষকঃ স্যাৎ ঘে। নর্ত্তকী খনকী রজকী।

৭২০ গোণনটৃথকৌ।

গায়তেরেতৌ ঘে স্তঃ। গায়নী গাথকঃ। হায়নঃ অয়ং নিপাত্যতে। ভাবং জহাতীতি। হায়নো। বর্ষঃ। অম্বু জহাতীতি। হায়নো। ব্রীহিঃ।

৭২১ প্রুদ্রুস্রুসৃল্বোঽকঃ।

এভ্যোঽকঃ স্যাৎ ঘে। প্রবকঃ দ্রবকঃ স্রবকঃ সরকঃ লবকঃ।

৭২২ আশিষি।

জীবতাদিতি। জীবকঃ।

৭২৩ নাম্ন্যন্যেতিক্চ।

ধোরাশিষি অন্যেপি কৃতঃ স্যুঃ তিক্ চ সংজ্ঞায়াং। দেবব্রাতঃ রন্তিঃ।

৭২৪ সতিসাতী বা।

এতৌ নিপাত্যৌ সন্তিশ্চ।

৭২৫ ঢাৎষণ্।

ঢাৎ পরাদ্ধোঃ ষণ্ স্যাৎ ঘে। হস্তকারঃ। অঘটং। ঘটং করোতীতি। ঘটীকারঃ।

৭২৬ হনচরগষ্টক।

ঢাৎ পরেভ্য এভ্য ষ্টক্ স্যাৎ ঘে। পাপঘ্নঃ গুরুচরঃ সামগঃ

৭২৭ সৃকৃষ্টঃ।

ঢাৎ পরাভ্যাং আভ্যাং টঃ স্যাৎ ঘে। পুরঃসরী যশস্করী বিদ্যা। ভাস্করঃ ক্ষপাকরঃ কর্ম্মকরী। দাসী।

৭২৮ শকৃৎ স্তম্বাদৃতিনাথাৎফলেরজোমলাৎদেববাতাৎ কৃহৃগ্রহাপ ইঃ।

এভ্যঃ পরেভ্য ক্রমাদেভ্য ইঃ স্যাৎ ঘে। শকৃৎকরিঃবৎসঃ স্তম্বকরিঃ ব্রীহিঃ। দৃতিহরিঃ। শ্বা। নাথহরিঃ। পশুঃ। ফলেগ্রহিঃ মলগ্রহি দেবাপিঃ বাতাপিঃ।

৭২৯ কুক্ষ্যাত্মোদরাৎ ভৃঃ খিঃ।

এভ্যঃ পরাৎ ভৃঞঃ খিঃ স্যাৎ ঘে।

৭৩০ খিত্যব্যাজরুষোমন্স্বৌদ্বীক্বান্তত্বংত্বেকাজিচঃ।

ব্যবর্জস্যাজন্তস্যারুষশ্চ মন্ স্বশ্চ স্যাৎ একাজিচস্তু দ্বীক্বান্তত্বং স্যাৎখিদন্তে ধৌ পরে। কুক্ষিম্ভরিঃ আত্মম্ভরিঃ উদরম্ভরিঃ।

৭৩১ খশেজেঃ।

ঢাৎ পরাদেজয়তেঃ খশ্ স্যাৎ যে। জনমেজয়ঃ।

৭৩২ মন্যাৎ স্বার্থে।

আত্মানং গাং মন্যতে। গাংমন্যঃ শ্রিয়ংমন্যা।

৭৩৩ মুঞ্জকূলাস্যপুষ্পাদ্ধেটঃ।

এভ্যঃ পরাদ্ধেটঃ খশ স্যাৎ যে। মুঞ্জন্ধয়ঃ কূলন্ধয় আস্যন্ধয়ঃ পুষ্পন্ধয় মুঞ্জন্ধয়ী। ধেটষ্টিত্ত্বাদীপ্।

৭৩৪ নাড়ীশুনীস্তনকরমুষ্টি পাণিনাসিকাধ্মশ্চ।

এভ্যঃ পরাৎ ধ্মো ধেটশ্চ খশ্ স্যাৎ যে। নাড়িন্ধমঃ নাড়িন্ধয়ঃ।

৭৩৫ ঘটীখারীবাতাদ্বিধ্বরুন্তিলাদসূর্য্যোগ্রাল্ললাটান্মিতনখদ্রোণাৎ ধ্মাতুদদৃশতপপচঃ।

এভ্যঃ পরেভ্যঃ ক্রমাদেতেভ্যঃ খশ্ স্যাৎ যে। ঘটিন্ধমঃ খারিন্ধমঃ বাতন্ধমঃ বিধুন্তুদঃ অরুন্তুদঃ তিলন্তুদঃ অসূর্য্যংপশ্যঃ উগ্রংপশ্য ললাটংতপঃ মিতংপচঃ নখংপচঃ দ্রোণংপচঃ।

৭৩৬ কূলাদুদ্রুজুদ্বহঃ।

কূলাৎ আভ্যাং খশ্ স্যাৎ যে। কূলমুদ্রুজা। নদী কূলমুদ্বহঃ। সমুদ্রঃ।

৭৩৭ প্রিয়বশাদ্বদভয়র্ত্তিমেঘাৎসর্ব্বকূলাভ্রকরীষাদ্বদকৃকষঃ খঃ।

এভ্যঃ পরেভ্যঃ ক্রমাদেতেভ্যঃ খঃ স্যাৎ যে। প্রিয়ম্বদঃ বশম্বদঃ ভয়ঙ্করঃ ঋতিঙ্করঃ মেঘঙ্কর সর্ব্বঙ্কষঃ কূলঙ্কষঃ অভ্রঙ্কষঃ করীষঙ্কষঃ।

৭৩৮ ক্ষেপপ্রিয়মদ্রাৎ কুর্ব্বা।

এভ্যঃ কৃঞঃ খো বা স্যাৎ ঘে। ক্ষেমঙ্করঃ প্রিয়ঙ্করঃ মদ্রঙ্করঃ পক্ষে। ক্ষেমকারঃ।

৭৩৯ ভাবধেত্ত্বাশিতাদ্ভুবঃ।

আশিতাদ্ভুবঃ খঃ স্যাৎ ভাবে ধে বা। আশিতং ভবং বর্ত্তে আশিতং ভবত্যনেনেতি। আশিতং ভবঃ। ওদনঃ।

৭৪০ তৃভৃবৃদৃজিপৃতপযমদমমদগমলিহ সহাজ্জোনাম্নি।

এভ্যঃ খঃ স্যাৎ সংজ্ঞায়াং। রথেন তরতীতি। রথন্তরঃ। বিশ্বম্ভরঃ পতিম্বরাঃ পুরন্দরঃ ভগন্দরঃ ধনঞ্জয়ঃ বসুন্ধরা শক্রন্তপঃ পরন্তপঃ বাচং যমঃ অরিন্দমঃ। ইরয়া মাদ্যতীতি। ইরম্মদো। হস্তী। বহং লিহঃ ভুজঙ্গমঃ সর্ব্বংসহঃ বাতমজঃ।

৭৪১ শর্দ্ধংজহোরঙ্গমোরগতুরগতুরঙ্গমবিহগবিহঙ্গমভুজগভুজঙ্গমপতগপতঙ্গমপ্লবগপ্লবঙ্গাঃ।

এতে খান্তা নিপাত্যন্তে। শর্দ্ধং জহাতীতি। শর্দ্ধং জহঃ। উরসা গচ্ছতীতি। উরগঃ উরঙ্গমঃ। বিহায়সা গচ্ছতীতি। বিহঙ্গমঃ বিহগঃ।

৭৪২ নগ্নপলিতপ্রিয়ান্ধস্থূলসুভগাঢ্যাৎ কুঃ খনট্ ধেচ্ব্যর্থে।

এভ্যঃ পরাৎ কৃঞঃ খনট্ স্যাদ্ধে চ্ব্যর্থে। অনগ্নো নগ্নঃ ক্রিয়তে হনেনেতি। নগ্নং করণং। দ্যূতং। পলিতং করণং প্রিয়ঙ্করণং অন্ধং করণং। শোকঃ। স্থূলংকরণং। দধি। সুভগং করণং। রূপং। আঢ্যং করণং। বিত্তং।

৭৪৩ ভুবোঘেখিষ্ণুখুকঞৌ।

নগ্নাদিভ্যঃ পরাৎ ভুবশ্চ্ব্যর্থে এতৌ ঘে স্তঃ। নগ্নং ভবিষ্ণুঃ

নগ্নম্ভাবুকঃ।

৭৪৪ ঢাৎভজবহসহোবিণ্।

ঢাৎ পরেভ্য এভ্যো বিণ্ স্যাৎ। সুখভাক্ প্রষ্টবাট্ তুরাষাট্

৭৪৫ অনড়ুচ্ছ্বেতবাহাদিঃ।

এতে বিণন্তা নিপাত্যন্তে। অনো বহতীতি। অনড্বান্। বৃষঃ শ্বেতৈরুহ্যতে। শ্বেতবা। ইন্দ্রঃ অবযজতীতি। অবযাঃ। উক্থানি শংসতীতি। উক্থশাঃ। যজমানঃ। পুরোডাস ইতি পুরোডা হবিঃ। পুরোডাশশ্চ।

৭৪৬ ক্রমগমখনসনজনোবিট্।

এভ্যো বিট্ স্যাৎ ঘে।

৭৪৭ বিড্বনোর্ঙা।

ধোরন্ত্যস্যঙা স্যাৎ বিটি বনি চ। উদধিক্রাঃ অগ্রেগাঃ বিষখাঃ গোষাঃ অজাঃ।

৭৪৮ ত্রাসুসিস্মনক্ক্নিপবনিপ্বিচ্ক্বিপঃ।

ধোরেতে স্যুঃ কে ভাবে। নীয়তে অনেনেতি। নেত্রং দংষ্ট্রা নপ্তা যোক্ত্রং উরুব্যচাঃ নৃচক্ষাঃ রজঃ চক্ষুঃ সর্পিঃ সুষ্ঠু দদাতীতি সুদামা সুগন্মা।

৭৪৯ হবত্রন্তের্নেম্।

ক্বতো হবস্য ত্রস্য তেশ্চ ইন্ ন স্যাৎ। সুশর্ম্মা সুপীবা প্রাতরিত্বা সুত্বা ভূরিদাবা বারিজাবা সোমপাঃ রেট্ রোট্ ক্রুঙ্ যঙ্ প্রত্যঙ্ অক্ষদ্যূঃ মিত্রশীঃ আশীঃ গীঃ বহুভৃট্ ঘৃতস্পৃক্ শস্যাৎ ক্রব্যাৎ।

॥ ১৬ ॥

৭৫০ ছাদেস্ত্রমনক্কাসঘেম্বঃ।

ছাদয়তেঃ হ্বঃ স্যাৎ ত্রে মনি ক্কাবিসি ঘে চ। ছত্রং ছদিঃ ছদ্ম তনুচ্ছৎ।

৭৫১ দদৃজ্জুহূ বাক্‌প্রাক্‌ শ্রীসদ্রূ জ্বায়ত স্তুকটপ্রু পরিব্রাট্‌ দিদ্যুজ্জগৎদধৃক্‌ সৃগুষ্ণিহঃ।

এতে ক্বিবন্তা নিপাত্যন্তে। দীর্য্যতীতি। দদৃৎ। জুহোত্যনয়েতি। জুহূঃ। বক্ত্যনয়েতি। বাক্‌। পৃচ্ছতীতি। প্রাট্‌। শ্রয়ত্যেনাং। শ্রীঃ। দ্রবতীতি। দ্রূ। জবতীতি। জূ। আয়তং স্তৌতি। আয়তস্তূ। কটংপ্রবতে। কটপ্রু। পরিব্রজতি। পরিব্রাট্‌। দ্যোততে। দিদ্যুৎ গচ্ছতীতি। জগৎ। ধৃষ্ণোতীতি। দধৃক্‌। সৃজ্যতে। সৃক্‌। উর্দ্ধং স্নিহ্যতি। উষ্ণিক্‌।

৭৫২ জির্ঘে হন্ত্যঃ।

অন্ত্যো জির্ঘঃ স্যাৎ। মিত্রং হ্রুয়তীতি। মিত্রহূঃ।

৭৫৩ বেধ্যাপ্যাংক্কৌ।

উঃ ধীঃ আপীঃ। ধ্যাপ্যোরতএব জিঃ।

৭৫৪ ঞমঙঝসাণৌচাতিকি।

ঞমন্তস্যোপ্তো ঘঃ স্যাদণৌ ঝসে ক্কৌ চ নতু তিকি। প্রশান্‌।

৭৫৫ সিবাবমবজ্বরত্বরোবৃন্ডঙঞমে চ।

এষাং ব উঙা সহ উট্‌ স্যাৎ ক্কৌ ঝসি হণৌ ঞমে চ। স্যূঃ উঃ মূঃ জূঃ তূঃ।

৭৫৬ রাচ্ছ্বোর্লোপঃ।

রাৎ পরেয়োঃ ছবয়োর্লোপঃ স্যাৎ ক্কৌ ঝস্যণৌ ঞমে চ। মূর্চ্ছা। মূঃ ধূর্ব্বা ধূঃ।

৭৫৭ আদূটৌবিঃ।

অবর্ণাৎ পরস্যোটৌ বিঃ স্যাৎ। জনান্ অবতীতি। জনৌঃ।

৭৫৮ যমমনতনগমোহন্তলোপঃ ক্কৌ।

সংযৎ পরিমৎ পরীতৎ বনগৎ।

৭৫৯ শ্রির্বিশ্বগ্দেবস্যটেরদ্র্যঞ্চৌকৌ।

শ্রের্বিশ্বচো দেবস্য চ টেরদ্রিঃ স্যাৎ ক্বিবন্তেঽঞ্চতৌ। সর্ব্বা-নঞ্চতীতি। সর্ব্বদ্র্যাঙ্ বিশ্বদ্র্যাঙ্ দেবদ্র্যাঙ্।

৭৬০ অমূদ্র্যাঙ্ অমুমুয়ঙ্ অদমুয়ঙ্ অদদ্র্যাঙ্।

অমুমঞ্চতীত্যর্থে এতে নিপাত্যন্তে।

৭৬১ সহসন্তিরঃ সধ্রিসমিতিরিঃ।

এষাং ক্রমাদেতেস্যুঃ ক্বিবন্তেঽঞ্চতৌ। সধ্র্যঙ্ সম্যঙ্ তির্য্যঙ্।

৭৬২ বীরুদ্ধোধঙ্ক্কৌ।

বীরুৎ।

৭৬৩ তদাদিভবৎসমানান্যোপমানাদ্দৃশটকসক্কিপোটে।

তদাদের্ভবতঃ সমানাদন্যস্মাচ্চোপমানাৎ দৃশ এতে স্যুঃ টে।

৭৬৪। শ্রেঙা।

শ্রেঙা স্যাৎ টগাদ্যন্তে দৃশি। সইব দৃশ্যতে। তাদৃশঃ তাদৃক্ষঃ তাদৃক্ ভবাদৃশঃ।

৭৬৫ সমানেদংকিমদঃসেক্যমূঃ।

এষাং স্থানে স ঈ কী অমূ এতে ক্রমাৎ স্যুঃ টগাদ্যন্তে দৃশি সদৃশঃ ঈদৃশঃ কীদৃশঃ অমূদৃশঃ অন্যাদৃশঃ এবং যাদৃশঃ।

ইতি তৃণাদিপাদঃ।

৩৫ অধ্যায়ঃ।

ক্র্যাদিঃ।

৭৬৬ ক্তক্তবতূভূতে টভাবে ঘে।

ধোরতীতে হর্থে টভাবে ক্তো ঘে ক্তবতুঃ স্যাৎ উকাবিতৌ। স্তুতস্ত্বয়া বিষ্ণুঃ। স্নাতৎ। ময়া বিষ্ণুর্বিশ্বং। কৃতবান্।

৭৬৭ ক্ষের্ঘোহটে ভাবদৈন্যাক্রোশেষু তু বা।

ক্ষের্ঘঃ স্যান্নতু টে ভাবদৈন্যাক্রোশেষ্ তু বা তয়োঃ পরয়োঃ

৭৬৮ সূল্বাদ্যোদিদ্রুক্ষীযলস্যাত্তোনতোহপূমূর্চ্ছ খ্যাধ্যামদো দশ্চ।

স্বাদেল্বাদেরোকারেতোদান্তাদ্রেকাৎ ক্ষীশব্দাৎ যলস্যযুক্তা কারান্তাৎ পরয়োস্তয়োস্তস্য নঃ স্যাৎ পূর্ব্বস্য চ দস্য নঃনতু প্রাদিভ্যঃ। ক্ষীণঃ ক্ষীণবান্। অটে কিং। ক্ষিতঃ কামোময়া।

৭৬৯ বৃদ্ভ্রিশ্রূর্ণোঃকিতোনেম্।

বঞো বৃঙ্ খ দন্তাদুবর্ণান্তাৎ শ্রিঙ্ উর্ণোশ্চ কিত ইম্ ন স্যাৎ সূনঃ সূনবান্ দীনঃ লূনঃ জীনঃ রুগ্ন ভুগ্ন প্রহীণঃ মিন্নঃ নির্ব্বিণ্নঃ প্যানঃ গ্লানঃ শ্রাণঃ। প্রাদেস্তু। পূর্ত্তঃ মূর্ত্তঃ খ্যাতঃ ধ্যাতঃ মত্তঃ বৃতঃ ভূতঃ শ্রিতঃ সূতঃ উর্ণুতঃ।

৭৭০ দিব্যক্ষশ্যোঽজিগীষাজাস্পার্শেনতস্তয়োঃ।

দিবেরজিগীষায়ামক্ষতেরজে। শ্যায়তেরস্পর্শে তয়োস্তস্য নঃ স্যাৎ। আদ্যূনঃ সমক্নঃ।

৭৭১ ঘনস্পর্শে শ্যোজিঃ।

ঘনস্পর্শে চার্থে শ্যোজিঃস্যাৎ তয়োঃ। শীনং ঘৃতং। জিগী

ষাদৌ তু। দ্যূতং। উদক্তমুদকং কূপাৎ। শীতং জলং। ঘন স্পর্শে কিং। সংশ্যানো। বৃশ্চিকঃ শীতাৎ সংকুচিতইত্যর্থঃ

৭৭২ প্রতেঃ।

প্রতিপূর্ব্বস্য শ্যো জিঃ স্যাৎ তয়োঃ। প্রতিশীনঃ।

৭৭৩ অভ্যবাদ্বা।

অভ্যবাৎ পরস্য শ্যো জিঃ স্যাদ্বা তয়োঃ। অভিশীনঃ অভিশ্যানঃ অবশীনঃ অবশ্যানঃ।

৭৭৪ ষিঞোঢযে নতোগ্রাসে।

ষিঞঃ পরস্য তয়োস্তস্য নঃ স্যাৎ ঢযে গ্রাসে বাচ্যে। সিনো। গ্রাসঃ স্বয়মেব।

৭৭৫ পূঞো নাশে।

পূনোনষ্টঃ। অন্যত্র। পূতঃ পবিত্রঃ।

৭৭৬ দুগ্বোর্ঘশ্চ।

আভ্যাং তয়োস্তস্য নঃ স্যাৎ তয়োর্ঘশ্চ। দূনঃ গূনঃ।

৭৭৭ বৃশ্চেঃ কঙ্ চ।

বৃশ্চেস্তয়োস্তস্য নঃ স্যাৎ কঙ্ চ। বৃক্নঃ।

৭৭৮ হ্রীঘ্রাত্রোন্দনুদবিন্দোর্বা।

এভ্যস্তয়োস্তস্য নঃ স্যাৎ বা। হ্রীণঃ হ্রীতঃ ঘ্রাণঃ ঘ্রাতঃ ত্রাণঃ ত্রাতঃ উন্নঃ উত্তঃ নুন্নঃ নুত্তঃ বিন্নঃ বিত্তঃ।

৭৭৯ ক্ষৈশুষপচোমকবঃ।

এভ্যস্তয়োস্তস্য মকব এতে ক্রমাৎ স্যুঃ। ক্ষামঃ শুষ্কঃ পক্বঃ

৭৮০ প্রস্ত্যোমবাজিশ্চ।

প্রস্ত্যস্তয়োস্তস্য মঃ স্যাৎ বা জিশ্চ। প্রস্তীমঃ প্রস্তীতঃ।

প্রাৎ কিং। সংস্ত্যানঃ।

৭৮১ নির্ব্বাণভিত্তূর্ণবিত্তফুল্লোৎফুল্লসংফুল্লপ্রফুল্লক্ষীবকৃশপরিকৃশোল্লাঘাঃ।

এতে ক্তান্তা নিপাত্যন্তে। নির্ব্বাণঃ শান্তঃ নির্ব্বাণং মুক্তিঃ ভিত্তং খণ্ডং ঋণং বিশোধ্যং বিত্তং ধনং বিত্তঃ প্রতীতঃ। ফুল্লো বিকসিতঃ উৎফুল্লঃ সংফুল্লঃ প্রফুল্লশ্চ। ক্ষীবো মত্তঃ কৃশস্তনুঃ পরিকৃশশ্চ উল্লাঘো নীরুজঃ।

৭৮২ ক্ষুধবসপূজার্থাঞ্চাগার্ধ্যার্থলুভঃ ক্তক্তেম্।

এভ্য পরয়োস্তয়োঃ ক্তক্তেম্ স্যাৎ। ক্ষুধিতঃ উষিতঃ অঞ্চিতঃ লুভিতঃ। গতৌ তু। অক্তঃ। গার্ধ্যার্থে তু লুব্ধঃ।

৭৮৩ পূক্লিশবমজপব্যাশ্বসন্তয়োর্ব্বা।

এভ্যস্তয়োরিম্ স্যাৎ বা।

৭৮৪ পূশীধৃষমিদক্ষিদস্বিদক্ষমার্থমৃষাং সেমোর্ণঃ।

এষাং ণঃ স্যাৎ তয়োঃ সেমোঃ। পবিতঃ পূতঃ ক্লিশিতঃ ক্লিষ্টঃ বমিতঃ বান্তঃ জপিতঃ জপ্তঃ বিশ্বসিতঃ বিশ্বস্তঃ আশ্বসিতঃ আশ্বস্তঃ শয়িতং ধর্ষিতং মেদিতং ক্ষেদিতং স্বেদিতং মর্ষিতং ক্ষমার্থঃ কিং। অপমৃষিতং। বাক্যং।

৭৮৫ ভাবাদিঢেবোদ্ঙে হ্রস্বতঃ।

বিহিতাপ উদ্ঙে ভাবাদিঢয়োর্ণ র্বা স্যাৎ তয়োঃ সেমোঃ। দ্যোতিতং দ্যুতিতং। তেন। অনপক্তু। ক্ষুধিতং।

৭৮৬ লোপোঞেঃ।

ঞের্লোপঃ স্যাৎ তয়োঃ সেমোঃ। ভাবিতঃ ভাবিতবান্।

৭৮৭ নেমড়ীশ্বীদিদ্বেমে হপত্যনেকাজ্নিক্ষুষঃ।

ডী.ঙঃ শ্বয়তেরীকারেতো বিকল্পিতেমশ্চ পত্যাদিবর্জাত্তয়ো রিম্ ন স্যাৎ। ডীনঃ শূনঃ দীপ্তঃ গূঢ়ঃ ক্লুতঃ ততঃ। পত্যা দেস্তু। পতিতঃ দরিদ্রীতঃ নিষ্কুষিতঃ।

৭৮৮ আদিতঃ।

আকারেতস্তয়োরিম্ ন স্যাৎ। মিন্নঃ।

৭৮৯ ভাবাদিঢে বা।

মিন্নং মেদিতং। ত্বেন। প্রমিন্নঃ প্রমেদিতঃ সঃ।

৭৯০ শকের্ঢে।

শকিতো। হর্চ্চিতুং শিবস্তেন শক্তঃ।

৭৯১ ক্ষুব্ধবাঢস্বান্তধ্বান্তফাণ্টকষ্টঘুষ্টলগ্নম্লিষ্টবিরিব্ধধৃষ্টবিশস্তপরিবৃঢদৃঢশৃতবৃত্তাভ্যর্ণাঃ।

এতে ক্তান্তানিপান্যন্তে। ক্ষুব্ধো মন্থঃ বাঢং ভৃশং স্বান্তং মনঃ ধ্বান্তং তমঃ ফাণ্টং কষায়ভেদঃ কষ্টং কৃচ্ছ্রং ঘুষ্টং শব্দিতং লগ্নং শক্তং ম্লিষ্টং অস্পষ্টং বিরিব্ধঃ স্বরঃ ধৃষ্টঃ প্রগল্ভঃ বিশস্তঃ পরিবৃঢঃ প্রভুঃ দৃঢোবলী শৃতং পক্কং বৃত্তো গুণঃ ছাত্রেণ অভ্যর্ণং সমীপং।

৭৯২ নেমসন্নিব্যর্দ্দঃ।

সংনিবিপূর্ব্বাৎ অর্দ্দতেস্তয়োরিম্ ন স্যাৎ। সমর্ণঃ ন্যর্ণঃ ব্যর্ণঃ।

৭৯৩ বারুষামহৃষত্বরসং ঘুষাস্বনঃ।

এভ্যস্তয়োরিম্ ন স্যাৎ বা। রুষ্টঃ রুষিতঃ আন্তঃ অমিতঃ হৃষ্টঃ হৃষিতঃ তূর্ণঃ ত্বরিতঃ সংঘুষ্টঃ সংঘুষিতঃ আস্বান্তং আস্বনিতং।

৭৯৪ দান্তশান্তপূর্ণদস্তস্পষ্টচ্ছন্নজ্ঞপ্তা বা।

এতেঞ্যন্তান্তা নিপাত্যন্তে বা। পক্ষে। দমিতঃ শমিতঃ পূরিতঃ দাসিতঃ স্পাশিতঃ ছাদিতঃ জ্ঞপিতঃ।

৭৯৫ স্ফায়ঃস্ফী বা।

তয়োঃ স্ফীতঃ স্ফীতবান্ স্ফাতঃ স্ফাতবান্।

৭৯৬ প্যায়োঽগেঃপ্যস্বাঙ্গেতু বা।

অগেঃ প্যায়ঃ পী স্যাৎ স্বাঙ্গাদন্যত্র তু বা তয়োঃ। পীনং মুখং। প্যানঃ পীনঃ। স্বেদঃ।

৭৯৭ আঙোঽন্ধূধসোঃ।

আঙঃ পরস্য প্যায়ঃ পী স্যাৎ তয়োঃ অন্ধূধসোঃ। আপীনোঽন্ধুঃ। আপীনং। উধঃ।

৭৯৮ হ্লাদেঃ হ্বঃ ক্তৌ চ।

হ্লাদেঃ হ্বঃ স্যাত্তয়োঃ ক্তৌ চ। প্রহ্লন্নঃ।

৭৯৯ দোষোমাস্থাংঙিস্ত্যণৌ।

এষাং ঙিঃ স্যাদণৌতকারে পরে। দিতঃ সিতঃ মিতঃ স্থিতঃ।

৮০০ ছাশোর্ব্বা।

ছিতঃ ছাতঃ শিতঃ শাতঃ।

৮০১ শোব্রতে নিত্যং।

সংশিতং। ব্রতং।

৮০২ ধাঞোহিঃ।

ধাঞো. হিঃ স্যাৎ অণৌতে পরে। হিতঃ

৮০৩ চরফলোঽ দুঃ।

অনয়োরকার উঃ স্যাৎ অণৌ তে। চূর্ণঃ প্রফুল্তঃ।

৮০৪ দদ্দোঽধঃ।

দাসংজ্ঞকস্য ধাবর্জিতস্যাদৎ স্যাদণৌ তে। দত্তঃ। অধঃ। কিং। ধীতঃ।

৮০৫ গ্যচস্তবা।

গের্চঃ পরস্যাধোদস্তো বা স্যাদণৌ তে। প্রত্তঃ প্রদত্তঃ।

৮০৬ ঘোঁদাতে গীচঃ।

নীত্তং। ইচঃ কিং। প্রত্তং নির্দ্দত্তং।

৮০৭ জগ্ধোঽদোযপি চ।

অদো জগ্ধঃ স্যাদণৌ তে যপি চ। জগ্ধ্বা।

৮০৮ ঘেচাদিঢে ক্তঃ।

আদিঢে বিহিতঃ ক্তো ঘে স্যাৎ ঢভাবয়োশ্চ। প্রকৃতঃ কটং সঃ প্রকৃতঃ কটস্তেন। ক্ষের্ঘ ইতি প্রক্ষীণঃ সঃপ্রক্ষীণং প্রক্ষীতং তেন। ক্ষীণঃ ক্ষিতোঽয়ং তপস্বী ক্ষীণায়ুঃ ক্ষিতায়ুঃ।

৮০৯ গত্যর্থাঢশীস্থাসবসজনজৃশ্লিষরুহঃ।

এভ্যো ঘে ক্তঃ স্যাৎ ঢভাবয়োশ্চ। গঙ্গাং গতঃ কৃষ্ণং প্রাপ্তঃ শয়িতঃ শেষমধিশয়িতো বিষ্ণুঃ বৈকুণ্ঠমধিষ্ঠিতঃ শিবমুপাসিতঃ হরিদিনমুপোষিতঃ রামমনুজাতোঽচ্যুতঃ বিশ্বমনুজীর্ণোঽনন্তঃ লক্ষ্মীমাশ্লিষ্টো মুকুন্দঃ গরুড়মধিরূঢো গোবিন্দঃ

৮১০ ধ্রৌব্যগত্যদনার্থাড্ডেচ।

নিশ্চলার্থাৎ গত্যর্থাৎ ভোজনার্থাচ্চ ক্তো ডে স্যাৎ ঢভাবে ঘে চ। মুকুন্দস্যাসিতমিদমিদং জাতং রমাপতেঃ। ভুক্ত মেতদনন্তস্যেত্যূচুর্গোপ্যো দিদৃক্ষবঃ।

৮১১ জ্ঞার্চ্চেচ্ছার্থঞীচ্ছীলাদেঃসতি।
এভ্যো বর্ত্তমানে ক্তঃ স্যাৎ তেষু। বিদিতঃ পূজিতঃ বাঞ্ছিতঃ ইদ্ধঃ শীলিতঃ শিবোঽনুবর্ত্ততে।

৮১২ ঠাপমবৎক্কসূকানৌ।
ধোরেতৌ ক্রমাৎ ঠ্যাঃ পমবৎ স্তঃ। বভজ্বান্ জজাগর্ব্বান জজাগৃবান্ দুদ্রুবান্ দিদিবান্ বিবিশ্বান্ বিবিচ্ছ্বান।

৮১৩ বসোঘসেকাজ্ঞিণ্ণাতইম্।
ঘস একাচোঽর্ত্তে ন্নিণ আদন্তাচ্চ বসোরিম্ স্যান্নান্যস্মাৎ। জক্ষিবান্ আদিবান্ আরিবান্ ঔয়িবান্ দদিবান্।

৮১৪ হনগমদৃশবিশবিন্দোবা।
এভ্যোবসোরিম্ স্যাদ্বা। জঘ্নিবান্ জঘন্বান্ জগ্মিবান্ জগন্বান্ দদৃশিবান্ দদৃশ্বান্ বিবিশিবান্ বিবিশ্বান্ বিবিদিবান্ বিবিদ্বান্।

৮১৫ দাশ্বান্সাহ্বান্মীঢ্বান্।
এতে বস্বন্তা নিপাত্যন্তে। চক্রাণঃ জজাগরাণঃ জজাগ্রাণঃ অনূচানঃ।

৮১৬ কীপমবৎশতৃশানৌ।
ধোরেতৌ ক্রমাৎ ক্যাঃ পমবৎ স্তঃ। পচন্।

৮১৭ শানেঽতোমন্।
অকারস্য মন্স্যাৎ শানে। পচমানঃ।

৮১৮ ঘাসোঽস্য।
আসঃ পরস্যাস্য শানস্য আ ঈ স্যাৎ। আসীনঃ।

৮১৯ বেত্তেঃশতুঃ ক্কসুর্বা।

বিদঃ পরস্য শতুঃ ক্বসুঃ স্যাদ্বা। বিদ্বান্ বিদন্।

৮২০ শক্তিবয়স্তাচ্ছীল্যে শতুঃ শানঃ।

শত্রুং নিঘ্নানঃ কবচং বিভ্রাণঃ ভোগং ভুঞ্জানঃ।

৮২১ তীপমবৎস্যতৃস্যমানৌ।

ধোরেতৌ ক্রমাৎ ত্যাঃ পমবৎ স্তঃ। করিষ্যন্ করিষ্যমাণঃ।

ইতি ক্তাদিপাদঃ।

---

৩৬ অধ্যায়ঃ।

ইষ্ণ্বাদিঃ।

৮২২ ণিভ্রাজভূসহরুচচরবৃধবৃতপ্রজনাপত্রপালংকৃনিরাকৃন্মদপতপচইষ্ণুর্ঘে।

এভ্য ইষ্ণুঃ স্যাৎ ঘে। কার ইষ্ণুঃ ভ্রাজিষ্ণুঃ ভবিষ্ণুঃ সহিষ্ণুঃ রোচিষ্ণুঃ চরিষ্ণুঃ বর্দ্ধিষ্ণুঃ বর্ত্তিষ্ণুঃ প্রজনিষ্ণুঃ অপত্রপিষ্ণুঃ অলংকরিষ্ণুঃ নিরাকরিষ্ণুঃ উন্মদিষ্ণুঃ উত্পতিষ্ণুঃ উৎপচিষ্ণুঃ।

৮২৩ ষ্ণুক্ ভূজেঃ।

আভ্যাং ষ্ণুক্ স্যাৎ ঘে। ভূষ্ণুঃ জিষ্ণুঃ।

৮২৪ গ্লাম্লাস্থাক্ষিপচপরিমৃজঃস্নুঃ।

এভ্যঃ স্নুঃ স্যাৎ ঘে। গ্লাস্নুঃ ম্লাস্নুঃ স্থাস্নুঃ ক্ষেষ্ণুঃ পক্ষ্নুঃ পরিমাক্ষ্নুঃ।

৮২৫ ক্ষিপত্রসগৃধধৃষঃক্নুঃ।

এভ্যঃ ক্নুঃ স্যাৎ ঘে। ক্ষিপ্নুঃ ত্রস্নুঃ গৃধ্নুঃ ধৃষ্ণুঃ।

৮২৬ শৃস্থাভূকমগমহনলষবৃষপতপদোঞুকঃ।

এভ্যো ঞুকঃ স্যাৎ ঘে। শারুকঃ স্থায়ুকঃ ভাবুকঃ কামুকঃ

গামুকঃ ঘাতুকঃ লাষুকঃ বর্ষুকঃ পাতুকঃ পাদুকঃ।

৮২৭ ভিক্ষজল্পাকুট্টলণ্টবৃঞঃ ষাকঃ।

এভ্যঃ ষাকঃ স্যাৎ ঘে। ভিক্ষাকী জল্পাকী কুট্টাকী লুণ্টাকী বরাকী।

৮২৮ পতিগ্রহিস্পৃহিশীঙ আলুঃ।

এভ্য আলুঃ স্যাৎ ঘে। পতয়ালুঃ গ্রহয়ালুঃ স্পৃহয়ালুঃ শয়ালুঃ।

৮২৯ শতসদসিধেদোরুঃ।

এভ্যো রুঃ স্যাৎ ঘে। শত্রুঃ সদ্রুঃ সেরুঃ দারুঃ ধারুঃ।

৮৩০ ঘসসৃদঃ ক্মরঃ।

এভ্যঃ ক্মরঃ স্যাদ্‌ঘে। ঘস্মরঃ সৃমরঃ অদ্মরঃ।

৮৩১ মিদ্ভাসভঞ্জো ঘুরঃ।

এভ্যো ঘুরঃ স্যাৎ ঘে। মেদুরঃ ভাসুরঃ ভঙ্গুরঃ।

৮৩২ ছিদ্ভিদ্বিদঃ কুরঃ।

এভ্যঃ কুরঃ স্যাদ্ঘে। ছিদুরঃ ভিদুরঃ বিদুরঃ।

৮৩৩ জাগৃযঙন্তজপবদদন্শঊকঃ।

এভ্যঃ ঊকঃ স্যাৎ ঘে। জাগরূকঃ যাযজূকঃ জংজপূকঃ বাবদূকঃ দন্দশূকঃ।

৮৩৪ যঙন্তচলপতসহবহঃ কিঃ।

এভ্যঃ কিঃ স্যাৎ ঘে। চাচলিঃ পাপতিঃ সাসহিঃ বাবহিঃ।

৮৩৫ দ্বিশ্চাক্রগুলোপিনঃ।

আদন্তাদৃবর্ণান্তাদ্গুলোপিনশ্চ কিঃ স্যাৎ ঘে তেষাঞ্চ দ্বিত্বং। দদিঃ চক্রিঃ জগ্মিঃ।

৮৩৬ যাযায়ভাসকসস্থেশপিসপ্রমদোবরঃ।

এভ্যো বরঃ স্যাৎ ঘে। যাযাবরঃ ভাস্বরঃ কস্বরঃ স্থাবরঃ ঈশ্বরঃ পেশ্বরঃ প্রমদ্বরঃ।

৮৩৭ ক্ষ্বৃঃ স্সৃ জীন্নশগমস্তমশ্চ।

এভ্যঃ ক্ষ্বরপ্ স্যাৎ ঘে মস্য চ তঃ। সৃত্বরী জিত্বরী ইত্বরী নশ্বরী গত্বরী।

৮৩৮ হিংসদীপকম্পাজসস্মিঙকমনমোরঃ।

এভ্যোরঃ স্যাৎ ঘে। হিংস্রঃ দীপ্রঃ কম্প্রঃ অজস্রঃ স্মেরঃ কম্রঃ নম্রঃ।

৮৩৯ সনভিক্ষাশংস উঃ।

এভ্যঃ উঃ স্যাৎ ঘে। ঈপ্সুঃ ভিক্ষুঃ আশংসুঃ।

৮৪০ বিন্দ্বিচ্ছূ।

এতৌ নিপাত্যৌ। বেত্তীতি। বিন্দুঃ। ইচ্ছতীতি। ইচ্ছুঃ।

৮৪১ স্বপতৃষধৃষোঙ্নজ্।

এভ্যো ঙজ্ স্যাৎ ঘে। স্বপ্নক্ তৃষ্ণক্ ধৃষ্ণক্।

৮৪২ শৄবন্দআরুঃ।

আভ্যামারুঃ স্যাদ্ঘে। শরারু বন্দারুঃ।

৮৪৩ ক্রুক্লুকৌভিয়ঃ।

ভীরুঃ ভীলুকঃ।

৮৪৪ স্পৃহিগৃহিশ্রদ্দৃজেরায্যঃ।

এভ্য আয্যঃ স্যাৎ ঘে। স্পৃহয়ায্যঃ গৃহয়ায্যঃ শ্রদ্ধায্য দয়ায্যঃ জয়ায্যঃ।

৮৪৫ গণ্ডিমণ্ডিজিজনিনন্দিভ্যোঽন্তঃ।

এভ্যো ঝন্তঃ স্যাৎ ঘে। গণ্ডয়ন্তঃ মণ্ডয়ন্তঃ জয়ন্তঃ জনয়ন্তঃ নন্দয়ন্তঃ।

৮৪৬ স্তনিগদিমদিহৃদিদূষেরিত্নুঃ।

এভ্য ইত্নুঃ স্যাৎ ঘে। স্তনয়িত্নুঃ গদয়িত্নুঃ মদয়িত্নুঃ হৃদয়িত্নুঃ দূষয়িত্নুঃ।

৮৪৭ কৃগৄজাগুঃ ক্বিঃ।

এভ্যঃ ক্বিঃ স্যাৎ ঘে। কীর্ব্বিঃ গীর্ব্বিঃ জাগৃবিঃ।

৮৪৮ স্বয়ংশংবিসংপ্রাদ্ভুবোড়ুঃ।

এভ্যোড়ুঃ স্যাৎ ঘে। স্বয়ম্ভুঃ শম্ভুঃ বিভুঃ সম্ভুঃ প্রভুঃ।

৮৪৯ লূধূখনসূচরপূসহবহইত্রোধে।

এভ্য ইত্রঃ স্যাদ্ধে। লবিত্রং অরিত্রং ধবিত্রং খনিত্রং সবিত্রং চরিত্রং পবিত্রং সহিত্রং বহিত্রং।

৮৫০ ঘঞ্লনটোঽঘে।

ধোরেতে স্যুর্নতু ঘে। প্রাকারঃ পাদঃ দাসঃ উপাধ্যায়ঃ প্রাসাদঃ সমাজঃ শমঃ কামঃ বামঃ আচামঃ অমঃ আমঃ যমঃ যামঃ বিশ্রমঃ বিশ্রামঃ।

৮৫১ কভাবেঽমী।

প্রঘসঃ বধঃ ধরঃ করঃ নিলয়ঃ সমজঃ ময়ঃ লয়ঃ। জ্ঞানং মানং দানং প্রবেপণং বপনং বয়নং অজনং দরিদ্রাণং শয়নং। ষ্ঠীবনসীবনে বা পক্ষে। ষ্ঠেবনং সেবনং।

৮৫২ মুণ্লভোঽনেকদুঃসোর্গেঃ খলঘঞোঃ।

কেবলদুঃসুবর্জাৎ গেঃ পরস্য লভো মুণ্ স্যাৎ খলি ঘঞি চ। প্রলম্ভঃ। অন্যত্র দুর্লাভঃ। একেতি কিং। অতিদুর্লম্ভঃ।

৮৫৩ স্যদৈধাবোদহিমশ্রথপ্রথশ্রথস্ফারস্ফালরাগকায়নিকায়াকায়াঃ।
এতেঘঞন্তা নিপাত্যন্তে। স্যদোবেগঃ এধঃ ইধ্মং অবোদঃ অবক্লেদঃ হিমশ্রথঃ হিমশ্রন্থনং প্রশ্রথঃ প্রশ্রন্থনং স্ফারঃ স্ফারণং স্ফালঃ স্ফোলনং রজ্যতে হনেনেতি রাগঃ। কায়ো দেহঃ নিকায়ো নিবাসঃ আকায়শ্চিতিঃ।

৮৫৪ খনোডডরেকেকরকাঃ।
আখঃ আখরঃ আখনিকঃ আখনিকরকঃ।

৮৫৫ ব্যাপ্তৌ ভাবেণিন্।
ধোর্ভাবে ণিন্ স্যাদ্ব্যাপ্তৌ সত্যাং ণিনন্তাৎ স্বার্থে ষ্ণঃ। সাংরাবিণং বর্ত্ততে।

৮৫৬ ব্যতীহারেণনস্ত্রী।
ধোর্ভাবে ণন স্যাৎ ব্যতীহারে ণনন্তাৎ স্বার্থে ষ্ণঃ তদন্তশ্চ স্ত্রিয়াং। ব্যাবহারী।

৮৫৭ টিতোহথুর্ভাবে।
